# উপজেলা পরিষদ

# মাধবপুর, হবিগঞ্জ।

তথ্য পরিকল্পনা ও বাজেট বই

# অর্থ বছর ঃ ২০১৮- ২০২৩

# উপজেলা পরিষদ

# মাধবপুর, হবিগঞ্জ।

উপদেষ্টা
এডভোকেট মোঃ মাহবুব আলী
সংসদ সদস্য
হবিগঞ্জ- ৪ (চুনারুঘাট-মাধবপুর নির্বাচনী এলাকা)

সার্বিক সহযোগিতায়
এস, এফ, এ, এম, শাহজাহান
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাধবপুর, হবিগঞ্জ।

জনাব মোঃ আব্দুল আজিজ
ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাধবপুর, হবিগঞ্জ।

জনাব সুফিয়া আকতার হেলেন
ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, মাধবপুর, হবিগঞ্জ।

সম্পাদনায় ঃ
মোহাম্মদ রাশেদুল ইসলাম, উপজেলা নির্বাহী অফিসার, মাধবপুর, হবিগঞ্জ।

কারিগরী সহযোগিতায় ঃ
দিলীপ কুমার বনিক, উপ-পরিচালক, স্থানীয় সরকার, হবিগঞ্জ।
অসীম কুমার কর্মকার, বিভাগীয় ফ্যাসিলিটেটর, উপজেলা গর্ভন্যান্স প্রজেক্ট (ইউজেডজিপি), সিলেট বিভাগ
স্বর্ণ জ্যোতি চাকমা, প্রজেক্ট অ্যাসিস্টেন্ট, উপজেলা গর্ভন্যান্স প্রজেক্ট (ইউজেডজিপি), সিলেট বিভাগ
এম. নাহিদুল ইসলাম, সাঁট- মুদ্রাক্ষরিক- কাম- কম্পিউটার অপারেটর, উপজেলা পরিষদ, মাধবপুর, হবিগঞ্জ।

# আমাদের প্রত্যাশা

উপজেলা পরিষদের স্থায়ী কমিটিকে অধিকতর সক্রিয় করার ক্ষেত্রে আমাদের অনেক সীমাবদ্ধতা থাকলেও তা উত্তরণের চেষ্টা অব্যাহত আছে। উপজেলার আইন শৃঙ্খলার উন্নতি সাধনসহ, প্রাথমিক, মাধ্যমিক ও মাদ্রাসার শিক্ষার মান উন্নয়ন, যোগাযোগ ও ভৌত অবকাঠামোর উন্নয়ন যুব, সমাজসেবা, সামাজিক বনায়ন ও সংস্কৃতিক কার্যক্রমের উপর অধিক গুরুত্বারোপের মাধ্যমে উপজেলা পর্যায়ে কর্মরত জনপ্রতিনিধি ও কর্মকর্তাগণ জনস্বার্থকে অগ্রাধিকার দিয়ে, ইহার প্রায়োগিক ভূমিকা নিশ্চিত করলেই উন্নয়ন পরিকল্পনা বাস্তবায়ন সফল হবে।

বার্ষিক উন্নয়ন পরিকল্পনা ও বাজেট প্রণয়নের কাজে যুক্ত সকলকে আমি আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

(মোঃ আব্দুল আজিজ)
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, মাধবপুর, হবিগঞ্জ।

# আমাদের প্রত্যাশা

মাধবপুর উপজেলা পরিষদের উদ্যোগে বার্ষিক উন্নয়ন পরিকল্পনা ও বাজেট প্রণয়ন সংক্রান্ত একটি বই প্রকাশ হচ্ছে-এটা আমাদের জন্য খুবই আনন্দদায়ক। আমার বিশ্বাস এটি সারা দেশের মধ্যে অন্যতম সেরা একটি বই হবে। মাধবপুর এর মতো একটি উপজেলার জনপ্রতিনিধি হিসাবে আমি নিজেকে গৌরবান্বিত ও ধন্য মনে করি।

অত্র এলাকার নারী জনপ্রতিনিধি হিসেবে এলাকার পক্ষ থেকে দেশবাসীকে আমি অভিনন্দন জানাচ্ছি। পরিশেষে এই উন্নয়ন পরিকল্পনা বই প্রকাশে যারা সার্বিক সহযোগিতা ও অক্লান্ত পরিশ্রম করেছেন তাদের কাছে কৃতজ্ঞতা জ্ঞাপন করছি।

(সুফিয়া আকতার হেলেন)
ভাইস চেয়ারম্যান (মহিলা)
উপজেলা পরিষদ, মাধবপুর, হবিগঞ্জ।

# প্রথম অংশ

# ভূমিকা ও উপজেলা পরিচিতি

## ১.১ ভূমিকা ও প্রেক্ষাপট

পরিকল্পনা বলতে বর্তমান ও ভবিষ্যত কর্মকান্ডের মধ্যে নতুন সেতু বন্ধন তৈরী করা ও উন্নয়ন কর্মকান্ড গতিশীল রাখা। দেশের সার্বিক উন্নয়নের জন্য আর্তসামাজিক ও অর্থনৈতিক পরিকল্পনা গ্রহন করা হয়। বাংলাদেশে বিভিন্ন সময়ে বিভিন্ন ধরনের পরিকল্পনা গ্রহন করা হয়েছে এর মধ্যে পঞ্চবার্ষিকী পরিকল্পনা অন্যতম। স্থানীয় পর্যায়েও পরিকল্পনা কৌশলগতভাবে বিশেষ গুরুত্ব পেয়ে আসছে। অতীতের এ ধারাবাহিকতায় উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ (২০০৯ ও ২০১১ সালে সংশোধিত) এ দেশের উপজেলা সমূহের জন্য একটি বার্ষিক এবং পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রণয়ন বাধ্যতামূলক করা হয়েছে। যেহেতু পরিকল্পনা একটি নির্দিষ্ট সময়ের জন্য করা হয়, সেহেতু কোন কাজগুলো কখন করা হবে তা নির্ধারন করার সুবিধার্থে পরিকল্পনা করা প্রয়োজন। পরিকল্পনা প্রনয়নের শুরুতেই নির্ধারিত দায় দায়িত্বের মধ্যে হতে কোন সময়ের জন্য কোন কাজটি অগ্রাধিকার দেয়া হবে তা সুনির্দিষ্ট করে নিলে কার্যক্রম বাস্তবায়নের ক্ষেত্রে বিষেশ সুবিধা পাওয়া যায় এবং তা থেকে জনগন উপকৃত হয়। পরিকল্পনা প্রনয়নে জাতীয় বা দেশ ভিত্তিক ও স্থানীয় ফলাফল অর্জনের দিকে গুরুত্ব আরোপ করা এবং নিম্ন-উর্ধমূখী পদ্ধতি এবং সকল শ্রেণী পেশার নাগরিকগণের কার্যকরী অংশগ্রহণ পরিকল্পনা প্রণযনে অনুসরন করা একান্ত প্রয়োজন। পরিকল্পনার অন্যতম প্রধান বিষয়বস্তু হচ্ছে সম্পদের সুষ্ট ব্যবহার নিশ্চিত করা।

উপজেলা পরিষদকে একটি শক্তিশালী কার্যকর, গণতান্ত্রিক ও জবাবদিহিতামূলক স্থানীয় সরকার প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলার লক্ষ্যে এবং উপজেলা পরিষদকে স্থানীয় উন্নয়নের মাধ্যম হিসেবে গড়ে তোলার লক্ষ্যে পঞ্চবার্ষিক পরিকল্পনা এবং এ পরিকল্পনার লক্ষ্য অর্জনের জন্য বার্ষিক উন্নয়ন পরিকল্পনা ও বাজেট প্রণয়নের উদ্যোগ নেয়া হয়। এর মূল লক্ষ্য হচ্ছে স্থানীয় সম্পদের সুষ্ঠ ব্যবহারের মাধ্যমে স্থানীয় সমস্যার সমাধান এবং একটি গণতান্ত্রিক কার্যকর শক্তিশালী পরিষদ গঠন। বর্তমান সরকারের উন্নয়ন রূপকল্প ২০২১ এবং সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্য সমূহ বিষেশভাবে বিবেচনায় এনে স্থানীয় জণগনের চাহিদার প্রতি দৃষ্টি রেখে মাধবপুর উপজেলার বার্ষিক পরিকল্পনা প্রণয়নে প্রয়াস নেয়া হয়। এ পরিকল্পনা প্রণয়নের ফলে উপজেলা পর্যায়ে সুশাসন নিশ্চিত করা সম্ভব হবে।

## ১.২ বইটি যেভাবে ভাগ করা হয়েছে

মাধবপুর উপজেলা পরিষদের সকল কার্যক্রম গতিশীল ও কার্যকর করার মাধ্যমে উপজেলায় সুশাসন প্রতিষ্ঠা নিশ্চিত করে এলাকার সার্বিক উন্নয়ন নিশ্চিত করার লক্ষ্যে 'তথ্য, পরিকল্পনা এবং বাজেট' বইটি সাতটি অংশকে সমন্বিত করে প্রণীত হয়েছে। প্রথম অংশে উপজেলার প্রাকৃতিক, ভৌগোলিক, ইতিহাস ও ঐতিহ্য প্রভৃতি বিষয়ের অবতারণা করা হয়েছে। এখানে এই বইটি তৈরীর উদ্দেশ্য, কর্মপদ্ধতি ও সীমাবদ্ধতা বিষয়েও বর্ণনা রয়েছে। দ্বিতীয় অংশে মাধবপুর উপজেলার মৌলিক তথ্য, উপজেলার খাতভিত্তিক তথ্য যেমন-ভৌত অবকাঠামো, কৃষি, মৎস্য ও প্রাণি সম্পদ, শিক্ষা, স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা, যুব ও ক্রীড়া উন্নয়ন ইত্যাদি সন্নিবেশিত হয়েছে। তৃতীয় অংশটি সাজানো হয়েছে উপজেলার সম্পদসমূহের বিবরণের মাধ্যমে। এখানে উপজেলা পরিষদের বিগত পাঁচ বছরের রাজস্ব ও উন্নয়ন তহবিল, হস্তান্তরিত বিভাগসমূহের রাজস্ব ও উন্নয়ন প্রাপ্তি এবং ব্যয়, অহস্তান্তরিত বিভাগসমূহের মোট প্রাপ্তি সম্পর্কে অবতারণা করা হয়েছে। উপজেলা পরিষদের সম্পদের সামগ্রিক একটি চিত্র এই অংশে পাওয়া যাবে। বইটির চতুর্থ অংশে উপজেলা পরিষদের বিভিন্ন খাতে আগামী পাঁচ বছরের উন্নয়ন দৃষ্টিভঙ্গী বর্ণিত হয়েছে। মাধবপুর উপজেলা পরিষদ কিভাবে তা অর্জন করবে তার একটি রূপরেখা প্রণয়নের চেষ্টা করা হয়েছে। পাশাপাশি উপজেলার সমস্যাসমূহের তালিকা থেকে পাঁচটি প্রধান সমস্যা চিহ্নিত করে সেগুলো সমাধানে প্রকল্প বাস্তবায়নের অগ্রাধিকারভিত্তিক তালিকা প্রদান করা হয়েছে। উপজেলা পরিষদের উন্নয়ন প্রস্তাবগুলোকে কেন্দ্র করে পঞ্চম অংশটি সাজানো হয়েছে। উপজেলা পরিষদের কমিটিসমূহ বিভিন্ন সভার মাধ্যমে প্রাপ্ত প্রকল্প প্রস্তাব, ইউনিয়ন পরিষদ থেকে প্রাপ্ত যৌথ অর্থায়নে বাস্তবায়নযোগ্য প্রকল্প প্রস্তাব, এনজিও তথা অন্য কোন সরকারী-বেসরকারী সংস্থার সাথে যৌথ প্রকল্প প্রস্তাব, এমনকি স্থানীয় সংসদ সদস্যের বরাদ্দ তথা এলজিইডির আওতায় বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের মাধ্যমে সর্বশেষ অর্থ বছর পর্যন্ত বাস্তবায়নাধীন/বাস্তবায়িত বিশেষ কিছু প্রকল্পের তালিকা এই অধ্যায়ে সন্নিবেশিত হয়েছে। ষষ্ঠ ও সপ্তম অংশে যথাক্রমে উপজেলা পরিষদের বাজেট ও নিরীক্ষা প্রতিবেদন নাগরিকবৃন্দের জানার অধিকার নিশ্চতকল্পে সবিস্তারে আলোচনা করা হয়েছে।

## ১.৩ মাধবপুর উপজেলা পরিচিতি

### ১.৩.১ ভৌগোলিক পরিচিতি :

মাধবপুর উপজেলার ভৌগলিক অবস্থান উত্তর অক্ষাংশের ২৪±১০২৮' এবং ৯১±২৯১৭' দ্রাঘিমাংশের মধ্যে। এ উপজেলার উত্তরে হবিগঞ্জ সদর, দক্ষিণাংশে ভারতের ত্রিপুরা, পশ্চিমে নাসিরনগর ও ব্রাহ্মনবাড়িয়া সদর উপজেলা এবং পূর্বে চুনারুঘাট উপজেলা।

### ১.৩.২ উপজেলার পটভূমি :

হবিগঞ্জ জেলার মাধবপুর উপজেলা একটি জনবহুল উপজেলা হিসেবে পরিচিত। ১৮০৪ সালে মাধবপুর থানা প্রতিষ্ঠিত হয়। তবে এ উপজেলার নামকরণ সম্পর্কে সঠিক তথ্য কোথাও পাওয়া যায়নি। জনশ্রুতি রয়েছে যে, মহাদেব নামে একজন সাধক ছিলেন এবং তাঁর অনেক ভক্তবৃন্দ ছিল। জনগণের ভাষ্যমতে তাঁরই নামে প্রথমে মহাদেবপুর তারপর মহাদেবপুর থেকে মাধবপুর নামকরণ হয়েছে। এরপরে আরো জানা যায় যে, প্রায় ১৫০ বছর পূর্বে প্রয়াত জমিদার সিদ্ধেশ্বরী রায় প্রসাদ চৌধুরী কর্তৃক মাধবপুর নামক স্থানে এলাকার প্রজাদের সুবিধার্থে পুকুর কেটে মাটি ভরাট করে এ মাধবপুর বাজার প্রতিষ্ঠা করেন। মূলত মাধবপুর বাজারটি সোনাই নদীর তীরে অবস্থিত। ভারতের ত্রিপুরা প্রদেশ থেকে সোনাই নদীর উৎসস্থল। সোনাই নদীর দক্ষিণ অংশ বি-বাড়ীয় জেলা যা পূর্বে ত্রিপুরা এবং সোনাই নদীর উত্তর অংশ আসাম প্রদেশের অংশ ছিল। তখনকার বৃটিশ আমলে সোনাই নদীর তীরে পুলিশ ফাড়ী স্থাপিত হয়। ১৯৪৭ সনে ভারত-পাকিস্থান বিভক্ত হওয়ার পর সিও (.Wf:) অফিস প্রথম কার্যালয় নোয়াপাড়া ইউনিয়নের ইটাখোলা গ্রামের রশীK b!!`x মজুমদারের বাড়ীতে স্থাপিত হয়। পরবর্তী কালে আনুমানিক ১৯৬৬ সালে মজুমদার বাড়ী থেকে মাধবপুরে সিও (.Wt) অফিস স্থানান্তর হয় এবং মাধবপুর গ্রামের নামানুসারে মাধবপুর থানা এবং মাধবপুর থানা থেকে ১৯৮৩ সনের ০১ আগষ্ট তারিখে মাধবপুর উপজেলায় উন্নীত হয়। এখনো উপজেলা ভূমি অফিস জগদীশপুর গ্রামে উপজেলা থেকে প্রায় ১২ কিঃ মিঃ দূরে অবস্থিত এবং সাব-রেজিস্টার অফিস চারাভঞ্জা গ্রামে অবস্থিত যা অফিস ০২ টি বৃটিশ শাসনামলে স্থাপিত হয়েছিল।

### ১.৩.৩ উপজেলার অবস্থান ঃ

উত্তর অক্ষাংশের ২৪±১০২৮' এবং ৯১±২৯১৭' দ্রাঘিমাংশের মধ্যে। এ উপজেলার উত্তরে হবিগঞ্জ সদর, দক্ষিণাংশে ভারতের ত্রিপুরা, পশ্চিমে নাসিরনগর ও ব্রাহ্মনবাড়িয়া সদর উপজেলা এবং পূর্বে চুনারুঘাট উপজেলা।

### ১.৩.৪ ভাষা ও সংস্কৃতি ঃ

মাধবপুর উপজেলার ভূ-প্রকৃতি ও ভৌগলিক অবস্থান এই উপজেলার মানুষের ভাষা ওসংস্কৃতি গঠনে ভূমিকা রেখেছে। বাংলাদেশের দক্ষিণ-পূর্ব অঞ্চলে অবস্থিত এইউপজেলাকে ঘিরে রয়েছে ভারতের ত্রিপুরা রাজ্য,সিলেট বিভাগের অন্যান্য উপজেলা। এখানে ভাষার মূল বৈশিষ্ট্য বাংলাদেশের অন্যান্য উপজেলারমতই, তবুও কিছুটা বৈচিত্র্য খুঁজে পাওয়া যায়।এখানে সিলেটী ভাষার সাথে সাথে বিভিন্ন আদিবাসীদের প্রচলিত ভাষাও প্রচলিত রয়েছে।

### ১.৩.৫ দর্শনীয় ও ধর্মীয় স্থান :

২। তেলিয়াপাড়া স্মৃতি সৌধ।



১। ফ্রুটস ভ্যালী,শাহজীবাজার।




৩। সুরমা চা বাগান।



৪। হযরত শাহ সোলেমান ফতেহগাজী র: মাজার শরীফ,শাহজীবাজার।



১.৩.৬ মাধবপুর উপজেলার মানচিত্র



### ১.৩.৭ উপজেলার সমস্যা ও সম্ভাবনাঃ

উপজেলা সদরে বাস ষ্ট্যান্ড না থাকায় মাধবপুর বাজার এলাকায় প্রায়ঃই যানজটের সৃষ্টি হয়। মাধবপুর উপজেলায় ইতিমধ্যে বিভিন্ন শিল্প কারখানা প্রতিষ্ঠিত হয়েছে এবং বর্তমানেও শিল্প কারখানা প্রতিষ্ঠার কার্যক্রম চলমান রয়েছে। পরিকল্পিতভাবে এসব শিল্প কারখানা প্রতিষ্ঠা করা সম্ভব হলে তথা একটি নির্দিষ্ট এলাকাকে Industrial Zone হিসেবে ঘোষনা করে শিল্প কারখানা প্রতিষ্ঠা করা গেলে মাধবপুর উপজেলাকে শিল্পাঞ্চল উপজেলা হিসাবে গড়ে তোলা সম্ভব হবে। অপরদিকে বাংলাদেশ তথা দক্ষিণ এশিয়ার অন্যতম বৃহৎ চা বাগান সুরমা চা বাগানসহ এ উপজেলায় মোট ০৫ টি চা বাগান রয়েছে, রয়েছে ফ্রুটস ভ্যালির মত মনোমুগ্ধকর ফল বাগান যেখানে প্রায় ৩০০ প্রজাতির ফলদবৃক্ষ রয়েছে। তেলিয়াপাড়া স্মৃতিসৌধ মাধবপুরে অবস্থিত যেখানে ১৯৭১ সালের রণকৌশল সংক্রান্ত সভা অর্থাৎ সমগ্র বাংলাদেশকে যে ১১ টি সেক্টরে বিভাজন করা হয় সে সভা এই তেলিয়াপাড়ায় অনুষ্ঠিত হয়। হবিগঞ্জ গ্যাস ফিল্ড, শাহজিবাজার বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রসহ ০৪ টি KPI রয়েছে। রয়েছে রাবার ড্যামের মত গুরুত্বপূর্ণ স্থাপনা। মাধবপুর উপজেলায় সাধারন বালুমহালের পাশাপাশি রয়েছে সিলিকা বালু এবং চিনা মাটির মত খনিজ সম্পদ। অতএব পরিকল্পিতভাবে এসব সম্পদ বিকাশ করা সম্ভব হলে মাধবপুর হতে পারে পর্যটন এবং শিল্প সমৃদ্ধ একটি উপজেলা।

### ১.১ পরিকল্পনা বই প্রনয়নের উদ্দেশ্য ঃ


উপজেলা পরিষদের জনসাধারণের অবস্থা সারা দেশের জনসাধারণের অবস্থা থেকে ভিন্নতর নয়। অত্র এলাকার জনগণের দারিদ্র হ্রাসকরণের মাধ্যমে জীবনযাত্রার মান উন্নয়নের লক্ষে সুষ্ঠু পরিকল্পনা প্রণয়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। মাধবপুর উপজেলা পরিষদের পঞ্চবার্ষিক কর্মপরিকল্পনার মূল উদ্দেশ্য হচ্ছে মাধবপুর উপজেলা পরিষদের নিজস্ব সম্পদ এবং সরকারি ও বেসরকারিভাবে উপজেলার জন্য বরাদ্দকৃত অর্থ জনগণের চাহিদা অনুসারে এবং প্রাধিকারের ভিত্তিতে সমন্বিত উপায়ে ব্যবহারের মাধ্যমে দারিদ্রতা হ্রাস করা। পঞ্চমবার্ষিক পরিকল্পনার সুনির্দিষ্ট উদ্দেশ্যসমূহ নিম্নরুপ ঃ

- জনপ্রতিনিধিদের অংশগ্রহণে এলাকার উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের মাধ্যমে মাধবপুর উপজেলার পরিষদের স্বচ্ছতা জবাবদিহিতা নিশ্চিতকরণ ও পরিষদের দক্ষতা বৃদ্ধি সাধন।
- সর্বস্তরের জনসাধারণের মৌলিক চাহিদা পূরণের লক্ষ্যে ইউনিয়নের পরিকল্পিত উন্নয়ন সাধন।
- আপামর জনগণের চাহিদা মোতাবেক সেবা সরবরাহ নিশ্চিতকরণের লক্ষ্যে জাতিগঠনমূলক প্রতিষ্ঠানসমূহের সাথে উপজেলা পরিষদের অংশীদারীত্ব সৃষ্টি করা।
- পরিকল্পিত সেবা ও সহযোগিতা প্রদানের মাধ্যমে এলাকার সেচ ব্যবস্থাপনা, নিষ্কাশন, শস্য, প্রাণীজ সম্পদ, মৎস্য ইত্যাদির উৎপাদনশীলতা বৃদ্ধি করা।
- উন্নত শিক্ষা ও স্বাস্থ্য সেবা গ্রহণের সুযোগ সৃষ্টি এবং তা গ্রহণে এলাকার জনগণের সক্ষমতা বৃদ্ধি এবং
- প্রতিটি ইউনিয়নের মধ্যে আন্তঃযোগাযোগ বৃদ্ধি এবং বিভিন্ন ইউনিয়নের সাথে উন্নত যোগাযোগ ব্যবস্থা নিশ্চিতকরণ।

### ১.৫ পঞ্চবার্ষিক কর্মপরিকল্পনা রূপরেখা

| জাতীয় পরিকল্পনা ও প্রকল্প | স্থানীয় সরকার বিভাগ/<br>প্রতিষ্ঠানের উন্নয়ন প্রকল্প | শিল্প ও বাণিজ্য উদ্যোগ | অন্যান্য |
|---|---|---|---|
| স্থানীয় অংশে জাতীয় দপ্তর ভিত্তিক প্রকল্প যা বাস্তবায়নযোগ্য ইউনিয়ন, উপজেলা ও জেলা পর্যায়ে | ইউনিয়ন পরিষদের নিজস্ব প্রকল্প | শিল্প ও বাণিজ্য প্রকল্প | এমপি মহোদয়ের অগ্রাধিকার ভিত্তিক প্রকল্প |
| | উপজেলা পরিষদের নিজস্ব প্রকল্প | ব্যাংকিং/ঋন কার্যক্রমা | এনজিও প্রকল্প |
| ইউনিয়ন পর্যায়ে স্থানীয় সরকার বিভাগের প্রকল্প | জেলা পরিষদের প্রকল্প<br>এলজিইডির প্রকল্প | --- | সিভিল সোসাইটি সংগঠন/কমিউনিটি অর্গানাইজেশন |

১.৬ পরিকল্পনা ছক:তথ্য সংগ্রহ ও পরিকল্পনা প্রণয়নে সাংগঠনিক প্রক্রিয়া




১.৭ মাধবপুর উপজেলার উন্নয়ন প্রকল্প বাস্তবায়নে যে সকল উৎস হতে সম্পদ আহরণ করা হবে তা নিম্নরূপঃ

১। পরিষদ উন্নয়ন সহায়তা তহবিল;
২। রাজস্ব উদ্বৃত্ত;
৩। উপজেলা পরিষদে হস্তান্তরিত বিভাগের প্রকল্পের উৎস;
৪। প্রকল্প বাস্তবায়ন স্থানীয় বিত্তশালী ব্যক্তিদের অনুদান;
৫। ভূমি হস্তান্তর করের ১%;
৭। ভূমি উন্নয়ন করের ২%;
৬। কাবিখা ও কাবিটা;
৭। দাতা সংস্থার অনুদান;
৮। বেসরকারী সংস্থার অনুদান;
৯। সমবায় সমিতি;
১০। উপজেলা পরিষদের বাসাবাড়ী/অফিসের ভাড়া বাবদ প্রাপ্ত আয়
১১। হাট-বাজার, হস্তান্তর জলমহাল হইতে ইজারালব্ধ আয়ের অংশ
১২। অন্যান্য।

# দ্বিতীয় অংশ

# তথ্য সম্ভার

## ২.১ উপজেলার সাধারণ তথ্য ঃ

**২.১.১ এক নজরে মাধবপুর উপজেলা ঃ** **মাধবপুর উপজেলার জনসংখ্যা, আয়তন, ভোটার, প্রশাসনিক একক ইত্যাদি বিষয় একটি সারণীতে এবং বিভিন্ন বিভাগভিত্তিক একাধিক সারণীতে তথ্য প্রদান করা হয়েছে। সারণীতে প্রদত্ত তথ্যাবলী নাগরিকদের উপজেলা পরিষদে সরকারের হস্তান্তরিত ও অহস্তান্তরিত বিভাগের বিভিন্ন কার্যক্রম ও সেবা সম্পর্কে জানতে সহায়তা করবে। কর্ম পরিকল্পনা করতে গিয়ে এই সকল তথ্যও হালনাগাদ রাখার প্রয়োজনীয়তা উপলব্ধি করা হয় এবং পরিবর্তীতে এই সকল তথ্য পরিকল্পনা প্রস্তুত প্রক্রিয়া আরো ফলপ্রসূ করবে। ২৯৫ বর্গ কিলোমিটার আয়তনের মাধবপুর উপজেলার মোট জনসংখ্যা ৩,১৯,১৬জন। টেবিল-০১ তে মাধবপুর উপজেলার সাধারণ তথ্য সংক্ষিপ্তভাবে তুলে ধরা হয়েছে।**

টেবিল-০১: মাধবপুর উপজেলার সাধারণ তথ্য

| | | |
|---|---|---|
| জেলা | | হবিগঞ্জ |
| উপজেলা | | মাধবপুর |
| সীমানা | | উত্তরে হবিগঞ্জ সদর উপজেলা ও লাখাই উপজেলা, দক্ষিণে বি-বাড়ীয়া জেলা, পূর্বে চুনারুঘাট উপজেলা ও ভারত এবং পশ্চিমে বি-বাড়ীয়া জেলা অবস্থিত। |
| জেলা সদর হতে দূরত্ব | | ৪৯ কি:মি: |
| আয়তন | | ২৯৫ বর্গ কিলোমিটার |
| জনসংখ্যা | | ৩,১৯,০১৬ জন (প্রায়) |
| | পুরুষ- | ১,৫৫,৮৮২ জন |
| | মহিলা- | ১,৬৩,১৩৪ জন |
| লোক সংখ্যার ঘনত্ব | | ১০৮১ (প্রতি বর্গ কিলোমিটারে) |
| মোট ভোটার সংখ্যা | | ১,৮৭,২৫৫ জন |
| | পুরুষভোটার সংখ্যা | ৯২,৬৫৯ জন |
| | মহিলা ভোটার সংখ্যা | ৯৪,৫৯৬ জন |
| বাৎসরিক জনসংখ্যা বৃদ্ধির হার | | ১.৫৬% |
| মোট পরিবার(খানা) | | ৬২,৩০০ টি |
| নির্বাচনী এলাকা | | মাধবপুর-চুনারুঘাট (হবিগঞ্জ-০৪) |
| গ্রাম | | ২৮৮ টি |
| মৌজা | | ১৮১ টি |
| ইউনিয়ন | | ১১ টি |
| পৌরসভা | | ০১ টি |
| এতিমখানা সরকারী | | ০১ টি |
| এতিমখানা বে-সরকারী | | ১৭ টি |

| | |
|---|---|
| মসজিদ | ৪৭১ টি |
| মন্দির | ২৭ টি |
| নদ-নদী | ৩ টি |
| হাট-বাজার | ৩৪ টি |
| ব্যাংক শাখা | ১৭ টি |
| পোস্ট অফিস/সাব পোঃ অফিস | ২১ টি |
| টেলিফোন এক্সচেঞ্জ | ০১ টি |
| ক্ষুদ্র কুটির শিল্প | ৭৮১ টি |
| বৃহৎ শিল্প | ১৫ টি |

### ২.১.২ উপজেলা কৃষি বিষয়ক তথ্য

| | |
|---|---|
| মোট জমির পরিমাণ | ২৩,৮৩৪ হেক্টর |
| নীট ফসলী জমি | ১৬,৫০০ হেক্টর |
| মোট ফসলী জমি | ৩৯,১০৩ হেক্টর |
| এক ফসলী জমি | ৩,০১৫ হেক্টর |
| দুই ফসলী জমি | ৪,৩৬৭ হেক্টর |
| তিন ফসলী জমি | ৯,১১৮ হেক্টর |
| গভীর নলকূপ | ১২৩ টি |
| অ-গভীর নলকূপ | ২,৪২৩ টি |
| শক্তি চালিত পাম্প | ৪৮৮ টি |
| বম্লক সংখ্যা | ৫৪ টি |
| বাৎসরিক খাদ্য চাহিদা | ৭৮,২৬৭ মেঃ টন |
| নলকূপের সংখ্যা | ৪,২৭৬ টি |

### ২.১.৩ উপজেলা শিক্ষা বিষয়ক তথ্য

| | |
|---|---|
| সরকারী প্রাথমিক বিদ্যালয় | ১৪৬ টি |
| জুনিয়র উচ্চ বিদ্যালয় | ০২ টি |
| উচ্চ বিদ্যালয় (সহশিক্ষা | ১৮ টি |

| | | |
|---|---|---|
| উচ্চ বিদ্যালয় (বালিকা) | | ০৩ টি |
| উচ্চ বিদ্যালয় (বালক) | | ০১ টি |
| দাখিল মাদ্রাসা | | ০৪ টি |
| আলিম মাদ্রাসা | | ০১ টি |
| কলেজ (সহপাঠ) | | ০৩ টি |
| স্কুল এন্ড কলেজ | | ০৪ টি |
| শিক্ষার হার | | ৪০ % |
| | পুরুষ | ৪২ % |
| | মহিলা | ৩৮ % |

### ২.১.৪ উপজেলা স্বাস্থ্য বিষয়ক তথ্য

| | |
|---|---|
| উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স | ০১ টি |
| উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র | ১৬ টি |
| বেডের সংখ্যা | ৫০ টি |
| ডাক্তারের মঞ্জুরীকৃত পদ সংখ্যা | ৩৭ টি |
| কর্মরত ডাক্তারের সংখ্যা | ইউএইচসি ১৭, ইউনিয়ন পর্যায়ে ১৬, ইউএইচএফপিও ১টি<br>মোট= ৩৪ টি |
| সিনিয়র নার্স সংখ্যা | ১৫ জন। কর্মরত=১৩ জন |
| সহকারী নার্স সংখ্যা | ০১ জন |

### ২.১.৫ উপজেলা ভূমি ও রাজস্ব বিষয়ক তথ্য

| | |
|---|---|
| মৌজা | ১৮১ টি |
| ইউনিয়ন ভূমি অফিস | ০৫ টি |
| মোট খাস জমি | ১০১১.৮৩ একর |
| কৃষি | ৫৫৪.১৬ একর |
| অকৃষি | ৪৫৭.৬৭ একর |
| বন্দোবস্তযোগ্য জমি | ৫৫৪.১৬ একর (কৃষি)<br>২১৩.৬১ একর (অকৃষি) |
| বাৎসরিক ভূমি উন্নয়ন কর (দাবী) | সাধারণ=৫২,১৬,৮৭০/-<br>সংস্থা = ৮৪,৩৬,৫৬৭/- |
| বাৎসরিক ভূমি উন্নয়ন কর (আদায়) | সাধারণ= ৯,৩৬,৯০৯/- |

| | |
|---|---|
| | সংস্থা = নাই |
| হাট-বাজারের সংখ্যা | ৩৪ টি |

### ২.১.৬ যোগাযোগ বিষয়ক তথ্য

| | |
|---|---|
| উপজেলা হতে গ্রাম পর্যন্ত মোট দূরত্ব | ৭৩৩.২৩ কিঃমিঃ |
| পাকা রাস্তা | ২২০.০০ কিঃমিঃ |
| অর্ধ পাকা রাস্তা | ১৪৮.২৩ কিঃমিঃ |
| কাঁচা রাস্তা | ৩৬৫.০০ কিঃমিঃ |
| ব্রীজ/কালভার্টের সংখ্যা | ৪৬৬ টি |
| নদীর সংখ্যা | ০৩ টি |

### ২.১.৭ উপজেলা পরিবার পরিকল্পনা বিষয়ক তথ্য

| | |
|---|---|
| স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র | ১১ টি |
| পরিবার পরিকল্পনা ক্লিনিক | ০১ টি |
| এম.সি.এইচ. ইউনিট | ০১ টি |
| সক্ষম দম্পতির সংখ্যা | ৮৪,৮৩৩ জন |

### ২.১.৮ উপজেলা মৎস্য বিষয়ক তথ্য

| | |
|---|---|
| পুকুরের সংখ্যা | ৭,৪৫৪ টি |
| মৎস্য বীজ উৎপাদন খামার সরকারী | ০১ টি |
| মৎস্য বীজ উৎপাদন খামার বে-সরকারী | ০৬ টি |
| বাৎসরিক মৎস্য চাহিদা | ৬,১৮০ মেঃ টন |
| বাৎসরিক মৎস্য উৎপাদন | ৫,৫১৩ মেঃ টন |

### ২.১.৯ উপজেলা প্রাণি সম্পদ বিষয়ক তথ্য

| | |
|---|---|
| উপজেলা পশু চিকিৎসা কেন্দ্র | ০১ টি |
| পশু ডাক্তারের সংখ্যা | ০২ জন |
| কৃত্রিম প্রজনন কেন্দ্র | ০১ টি |

| | |
|---|---|
| পয়েন্টের সংখ্যা | ০৩ টি |
| উন্নত মুরগীর খামারের সংখ্যা | ১১ টি |
| লেয়ার ৮০০ মুরগীর উর্ধ্বে , ১০-৪৯ টি মুরগী আছে, এরূপ খামার | অসংখ্য |
| গবাদির পশুর খামার | ২২ টি |
| ব্রয়লার মুরগীর খামার | ৯৬ টি |

### ২.১.১০ উপজেলা সমবায় বিষয়ক তথ্য

| | |
|---|---|
| কেন্দ্রিয় সমবায় সমিতি লিঃ | ০১ টি |
| মুক্তিযোদ্ধা সমবায় সমিতি লিঃ | ০২ টি |
| ইউনিয়ন বহুমুখী সমবায় সমিতি লিঃ | ১৫ টি |
| বহুমুখী সমবায় সমিতি লিঃ | ১০৯ টি |
| মৎস্যজীবি সমবায় সমিতি লিঃ | ৩৭ টি |
| যুব সমবায় সমিতি লিঃ | ১১ টি |
| আশ্রয়ন/আবাসন বহুমুখী সমবায় সমিতি | ০৫ টি |
| কৃষক সমবায় সমিতি লিঃ | ১২০ টি |
| পুরুষ বিত্তহীন সমবায় সমিতি লিঃ | ০৬ টি |
| মহিলা বিত্তহীন সমবায় সমিতি লিঃ | ০৭ টি |
| ক্ষুদ্র ব্যবসায়ী সমবায় সমিতি লিঃ | ০২ টি |
| অন্যান্য সমবায় সমিতি লিঃ | ০৫ টি |
| চালক সমবায় সমিতি | ৩ টি |

### ২.১.১১ উপজেলা ধর্মীয় বিষয়ক তথ্য

| | | |
|---|---|---|
| ১। মসজিদ | ঃ | ৩৫৫ টি |
| ২। মন্দির | ঃ | ১১৬ টি |
| ৩। মাজার | ঃ | ৫টি |

## ২.২ উপজেলার খাত ভিত্তিক তথ্য সম্ভার

### ২.২.১ হস্তান্তরিত বিভাগ সমূহের সাধারণ তথ্য ঃ

### ২.২.১.১ প্রকৌশল বিভাগ (এলজিইডি)ঃ

অর্থনৈতিক উন্নয়নের পূর্বশর্ত হচ্ছে একটি টেকসই যোগাযোগ ব্যবস্থা। যোগাযোগ ব্যবস্থা অর্থনৈতিক উন্নয়নে এবং প্রতিযোগিতা বৃদ্ধি করে, ব্যয় হ্রাস করে, রপ্তানি আয় বৃদ্ধি করে। অনেক উন্নয়নশীল দেশের তুলনায় বাংলাদেশের যোগাযোগ খাতের নিবিড়তা অনেক কম। বাংলাদেশের সড়ক যোগাযোগ গঠিত হয়েছে জাতীয় মহাসড়ক, আঞ্চলিক মহাসড়ক থানা সংযোগ সড়ক, প্রবৃদ্ধি কেন্দ্র সংযোগ সড়ক, ইউনিয়ন সংযোগ সড়ক এবং গ্রামীন সড়ক এর সমন্বয়ে উপজেলার উন্নয়নের জন্য আন্ত ইউনিয়ন ও উপজেলার সাথে ইউনিয়ন পরিষদসমূহের যোগাযোগ ব্যবস্থা উন্নয়নের জন্য রাস্তা, ব্রীজ, কালভার্ট, বাঁধ নির্মাণ অত্যন্ত প্রয়োজন। বার্ষিক পরিকল্পনার মূল উদ্দেশ্য হচ্ছে বর্তমান অবকাঠামোসমূহ ব্যবহার উপযোগী রাখার জন্য প্রয়োজনীয় মেরামত ও সংস্কার এবং যোগাযোগ ব্যবস্থার উন্নয়নের জন্য নতুন অবকাঠামো তৈরী। নিম্নে মাধবপুর উপজেলার এলজিইডি এর তথ্যাদি তুলে ধরা হলঃ

| ক্রমিক নং | বিবরণ | মোট সংখ্যা(টি) | মোট দৈর্ঘ্য (কিঃমি) | রাস্তার ধরণ | | | | ব্রীজ/কালভার্ট (মিঃ) |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | পাকা (কিঃমি) | কাচাঁ (কিঃমি) | এইচবিবি (কিঃমি) | আরসিসি (কিঃমি) | |
| ১ | উপজেলা রাস্তা | ১১ | ৮৭.৬৭ | ৮১.১৮ | ৪.৬০ | ১.৪০ | ০.৪৯ | ১৪২০.৩৬ |
| ২ | ইউনিয়ন রাস্তা | ১৪ | ৭৯.৭৫ | ৩৯.২৩ | ৩৯.১৭ | ১.৩৫ | - | ৬৬০.৩১ |
| ৩ | গ্রামীন রাস্তা | | | | | | | |
| | টাইপ-এ | ১৪৯ | ৩২৯.১২ | ৪১.৪০ | ২৭৯.৯১ | ৬.৪৮ | ১.৩৩ | ৭৯২.৩৯ |
| | টাইপ-বি | ১৩৪ | ২৩৬.৭০ | ৪.১৩ | ২৩০.১৮ | ০.৭৫ | ১.৬৪ | ১৩৭.১৪ |
| | মোট= | ৩০৮ | ৪৩৩.২৪ | ১৬৫.৯৪ | ৫৫৩.৮৬ | ৯.৯৮ | ৩.৪৬ | ৩০১০.২০ |
| ৪ | ব্রীজ /কালভার্ট | ৫৭৩ | - | - | - | - | - | - |

#### উপজেলার ২০১৮-২০২৩ সালের এলজিইডি বিভাগের কর্মকান্ডঃ

| কর্মকান্ড | লক্ষ্যমাত্রা | লক্ষ্যমাত্রা অর্জন | বাজেট (টাকা) | বাজেটের টাকার উৎস |
|---|---|---|---|---|
| এডিপি (পিআইসি) | ১০০% | ১০০% | ৩২০০,০০০/- | এডিপি |
| এডিপি (টেন্ডার) | ১০০% | ১০০% | ৩৮,৭৬,০০০/- | এডিপি |
| এডিপি (বাসাবাড়ী রক্ষণাবেক্ষণ) | ১০০% | ১০০% | ৩০,০০,০০০/- | বাসাবাড়ী রক্ষণাবেক্ষণ |
| বিদ্যালয় নির্মাণ- (পিইডিপি-৩) | ১০০% | ৯৯% | -- | -- |
| বিদ্যালয় পুন:নির্মাণ ও সংস্কার | ১০০% | ১০০% | ৮৪,৭৭,৫৬৬/- | রাস্তা |
| বিদ্যালয় বিহীন গ্রামে বিদ্যালয় নির্মাণ | ১০০% | ৮৫% | ২০,০০,০০০/- | -- |
| আইডিবি বিদ্যালয় নির্মাণ | - | -- | -- | -- |
| রাজস্ব বাজেটের আওতায় বিদ্যালয় নির্মাণ | - | -- | -- | -- |
| ইউনিয়ন পরিষদ নির্মাণ | - | - | -- | -- |
| উপজেলা পরিষদ ভবন সম্প্রসারণ | -- | -- | -- | -- |

### ২.২.১.২ উপজেলার অবকাঠামো উন্নয়ন সম্ভাবনা

| কি কাজ | কাজের উদ্দেশ্য | কে কাজটি করবে | অর্থের উৎস | কোন অর্থ বছরে করা হবে | সম্ভাব্য ব্যয় (লক্ষ টাকা) | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | বিভাগীয় অর্থায়নে | উপজেলা পরিষদ ও অন্যান্য |
| কৃষি ও ক্ষুদ্র সেচ | জলনিষ্কাশন ও সেচ ব্যবস্থাপনার উন্নয়ন/কৃষি পন্য উঠানামার সুবিধার্থে সিঁড়ি, ড্রেইন কালভার্ট নির্মান। | এলজিইডি | এডিপি | ২০১৮-১৯ | - | ৩২.০০ |
| মৎস ও প্রাণী সম্পদ | প্রাণী সম্পদের মান উন্নয়ণ, ভ্যাকসিন সরবরাহ ও মজা পুকুর সংস্কার। | প্রাণী সম্পদ অধিদপ্তর | এডিপি | ” | - | ১.০০ |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ক্ষুদ্র ও কুটির শিল্প | ক্ষুদ্র ও কুটির শিল্পের দক্ষতা উন্নয়ন। | এলজিইডি | এডিপি | ” | - | .৫০ |
| পরিবহন ও যোগাযোগ | প্রতিরক্ষা দেওয়াল, কালভার্ট ও রাস্তা উন্নয়ন। | ” | এডিপি | | - | ৪২.০০ |
| গৃহ নির্মান ও বস্তুগত অবকাঠামো | হাট বাজার উন্নয়ন, মৎস্য সেড নির্মান। | ” | | ” | ৮.০০ | ১২.০০ |
| জনস্বাস্থ্য | স্বাস্থ্যসম্মত ল্যাট্রিন নির্মাণ ও বিশুদ্ধ পানীয় জল সরবরাহের জন্য নলকুপ স্থাপন। | ” | এডিপি | ” | - | ৪.০০ |
| শিক্ষা উন্নয়ন | শিক্ষা প্রতিষ্ঠানের আসবাবপত্র সরবরাহ, ভবন মেরামত ও সম্প্রসারণ। | ” | শিক্ষা উন্নয়ন রাজস্ব | ” | - | ২০.০০ |
| স্বাস্থ্য ও সমাজ কল্যাণ | জীবণ মান উন্নয়ন। | সমাজ সেবা | এডিপি | ” | - | - |
| ক্রীড়া ও সংস্কৃতি | ক্রীড়া সংস্কৃতির মান উন্নয়ন ও ক্রীড়া সামগ্রী বিতরণ। | এলজিইডি | ” | ” | - | - |
| বিবিধ | দূর্যোগ মোকাবেলা, জরিপ ও উন্নয়ন কার্যাদি তদারকী ইত্যাদি। | ” | ” | ” | - | - |
| স্কুল ভবন নির্মান | প্রাথমিক শিক্ষার উন্নয়ন। | ” | শিক্ষা উন্নয়ন প্রকল্প | ” | - | ২০০.০০ |
| পাকা রাস্তা রক্ষণাবেক্ষন | রাস্তা মেরামত। | ” | এডিপি | ” | - | - |
| রাস্তা উন্নয়ন | রাস্তা পাকাকরন। | ” | ” | ” | - | ১০.০০ |
| | | | | মোট= | | |

তথ্য সূত্র ঃ এলজিইডি বিভাগ, মাধবপুর, হবিগঞ্জ/২০১৮।

### ২.২.১.৩ উপজেলা মৎস্য বিভাগ ;

মৎস্য সম্পদ উন্নয়নের মূল লক্ষ্য হচ্ছে মাছের উৎপাদন বৃদ্ধির মাধ্যমে জনগণের পুষ্টি চাহিদা মেটানো এবং আত্মকর্মসংস্থান সৃষ্টি ও অর্থনৈতিকভাবে লাভবান হওয়া। উপজেলায় মৎস্য উৎপাদন বৃদ্ধির জন্য প্রশিক্ষণ প্রদান, পুকুর পরিদর্শন, পরামর্শ প্রদান, বিভাগীয় উন্নয়ন প্রকল্পের আওতায় প্রদর্শনী চাষ কার্যক্রম বাস্তবায়ন, মৎস্য চাষে ঋণ প্রদান এবং উন্মুক্ত জলাশয়ে পোনামাছ অবমুক্তি, মৎস্য আইন বাস্তবায়ন, মৎস্য অভয়াশ্রম স্থাপনের মাধ্যমে মৎস্যজীবিদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন প্রভৃতি কার্যক্রম নিয়মিত বাস্তবায়িত হচ্ছে। আয় বর্ধনকারী মৎস্য প্রজাতি সংরক্ষণ ও সম্প্রসারণে ব্যবস্থা গ্রহণ ও বৈজ্ঞানিক পদ্ধতিতে মৎস্য চাষে উৎসাহিত করার জন্য প্রশিক্ষণ প্রদান। এ ছাড়া প্রাকৃতিক প্রজনন ক্ষেত্র সনাক্তকরণ ও সংরক্ষণ, মাছের উন্নত পোনা প্রাপ্তি নিশ্চিতকরণ, মাছের রোগ প্রতিরোধ ও প্রতিকারের জন্য সহায়তা প্রদান এবং প্লাবন ভূমিতে অবকাঠামো তৈরির মাধ্যমে মৌসুমী মাছ চাষের ব্যবস্থা গ্রহণ এবং প্রাকৃতিক জলাভূমিতে মাছের নিরাপত্তা প্রদান এ সেক্টরের উন্নয়নের মূল লক্ষ্য।

উপজেলার জলমহাল ও মৎস্য বিষয়ক তথ্যাদি

| তথ্যাদি | সংখ্যা | আয়তন/পরিমাণ |
|---|---|---|
| মোট পুকুর | ১৫৮৫টি | ২৬৯.২০ একর |
| সরকারী প্রাতিষ্ঠানিক পুকুর | ২৬টি | ১৫.৭৬ একর |
| জলমহাল | ৬৪টি | ৩৬৪৮.৪৬ একর |

| | | |
|---|---|---|
| বাৎসরিক মাছের উৎপাদণ | -- | ৪৪২০ মে.টন |
| বাৎসরিক মাছের চাহিদা | -- | ৩০৪০ মে.টন |
| বাৎসরিক মাছের উদ্বৃতি | -- | ১৩৮০ মে.টন |
| সরকারী হ্যাচারি | -- | -- |
| মৎস্যজীবী | ৫৭০০ জন | -- |
| অন্যান্য (মৎস্যচাষী) | -- | -- |
| জেলের সংখ্যা | ২৮৭২ জন | -- |

মৎস্য বিভাগ, মাধবপুর, হবিগঞ্জ এর কর্মপরিকল্পনাঃ ২০১৮-২০২৩

| ক্রঃ নং | কাজের বিবরণ | লক্ষমাত্রা | অর্জন | প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকা) | অর্থের উৎস | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ০১ | প্রদর্শনী পুকুরে কার্প জাতীয় মাছের মিশ্রচাষ ব্যবস্থাপনা | ২০ টি | ০২ টি | ৪০.০০ | মৎস্য অধিদপ্তরের রাজস্ব /প্রকল্প/ উপজেলা পরিষদ এবং প্রদর্শনী চাষী। | বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে কার্যক্রম কম বেশী হতে পারে। |
| ০২ | প্রদর্শনী পুকুরে মনোসেক্স তেলাপিয়া মাছের একক চাষ ব্যবস্থাপনা | ২৫ টি | -- | ২৫.০০ | ঐ | |
| ০৩ | প্রদর্শনী পুকুরে পাঙ্গাস মাছের একক চাষ ব্যবস্থাপনা | ৫ টি | -- | ৫.০০ | উপজেলা পরিষদ | |
| ০৪ | বিল নার্সারি স্থাপন | ৬৪ টি | ৬৪ টি | ৬৪.০০ | মৎস্য অধিদপ্তরের রাজস্ব /প্রকল্প | |
| ০৫ | জলাশয়ে কার্পজাতীয় মাছের পোনা অবমুক্তি | ১৫০০ কেজি | ১৫০০ কজি | ৭.৫০ | ঐ | |
| ০৬ | জলাশয়ে দেশীয়/ বিলুপ্তপ্রায় প্রজাতির মাছের পোনা অবমুক্তি | ৬০০ কেজি | -- | ৩.০০ | ঐ | |
| ০৭ | উন্মুক্ত জলাশয়ে অভয়াশ্রম স্থাপন | ৩৫টি | -- | ৩৫.০০ | মৎস্য অধিদপ্তরের রাজস্ব /প্রকল্প/ উপজেলা পরিষদ | |
| ০৮ | ভরাটকৃত জলাশয় পূনঃখনন | ২৩ টি | ৩টি | ৩০.০০ | ঐ | |
| ০৯ | জেলেদের নিবন্ধন ও পরিচয়পত্র প্রদান | ২৮৭২জন | ২৮৭২জন | ১.৫০ | মৎস্য অধিদপ্তরের জেলেদের নিবন্ধন ও পরিচয়পত্র প্রদান প্রকল্প | |
| ১০ | মাছে ফরমালিন/ক্ষতিকর রাসায়নিক পদার্থ নিয়ন্ত্রন বিষয়ক মতবিনিময়/ | ৩০টি | ৩০টি | ১.৫০ | মৎস্য অধিদপ্তরের রাজস্ব /প্রকল্প | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | অবহিতকরণ সভা | | | | | |
| ১১ | মৎস্য চাষের ক্ষুদ্র ঋণ কর্মসূচী | ২৫ জন | ১৫জন | ১২.৫০ | মৎস্য অধিদপ্তরের রাজস্ব | |
| ১২ | মৎস্য চাষবিষয়ক প্রশিক্ষণ | ৩০০ জন | ৩০০ জন | ৩.০০ | মৎস্য অধিদপ্তরের রাজস্ব /প্রকল্প/ উপজেলা পরিষদ | |
| ১৩ | মৎস্য আইন বাস্তবায়ন ও মত বিনিময় সভা | ৫০ টি | ৩০ টি | ২.৫০ | মৎস্য অধিদপ্তরের রাজস্ব /প্রকল্প | |
| ১৪ | সম্প্রসারণ কার্যক্রম | | | | | |
| | ক) দপ্তরে পরামর্শ প্রদান | ২৫০০ জন | ১৫০০ জন | -- | -- | |
| | ক) পুকুর/ খামারে পরামর্শ প্রদান | ২৫০০ টি | ২৫০০ টি | -- | -- | |
| | ক) মৎস্য সম্পদের উৎপাদন বিষয়ক জরিপ | ১০% | ১০% | -- | -- | |
| মোট | | | | ২৩০.৫০ | | |

২.২.১.৪ উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ;

পরিবারের সকলের সুস্বাস্থ্যের মূল ভিত্তি হলো পরিকল্পিত পরিবার। জনসংখ্যা বৃদ্ধির উচ্চহার যেমন আমাদের সার্বিক উন্নয়নের প্রতিবন্ধক, তেমনি ঘন ঘন ও অধিক সন্তান জন্মদান মা ও শিশু স্বাস্থ্যের উপর বিরূপ প্রভাব সৃষ্টি করে। পরিবার পরিকল্পনা বিভাগের সেবা প্রদানকারীবৃন্দ অব্যাহত নিবিড় যোগাযোগের মাধ্যমে সক্ষম দম্পতিদের মধ্যে ছোট পরিবারের আদর্শ জনপ্রিয় করার পাশাপাশি মানসম্পন্ন সেবার মাধ্যমে গর্ভকালীন পরিচর্যাসহ মা ও শিশু স্বাস্থ্য সুরক্ষায় কাজ করে যাচ্ছেন। একটি সুখী সমৃদ্ধ, স্বাস্থ্যবান প্রজন্ম বিনির্মাণে এ বিভাগের গুরুত্ব অপরিসীম। গত কয়েক দশকে ধারাবাহিক ভাবে দেশের জনসংখ্যা বৃদ্ধির হার হ্রাস পেয়েছে, গড় আয়ু বেড়েছে, মা ও শিশুর মৃত্যুর হার কমেছে। উন্নয়ন সূচকের এ লক্ষনীয় পরিবর্তন সম্ভব হয়েছে মাঠ পর্যায়ে পরিবার পরিকল্পনা বিভাগের জনসচেতনামূলক ব্যাপক কর্মকান্ডের মাধ্যমে ।

সেবা কেন্দ্র পরিচিতি

| | |
|---|---|
| • মা ও শিশু কল্যাণ কেন্দ্র | |
| • ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র | ০৭টি ও ০৩টি RD |
| • অস্থায়ী ক্লিনিক | ০১টি আন্দিউড়া ইউনিয়ন পরিষদ |
| • কমিউনিটি ক্লিনিক | ৩৪টি |
| • স্যাটেলাইট ক্লিনিক | ৭৬ টি |
| • ই পি আই অডিটরীচ সেন্টার | |

সহযোগী বেসরকারী সংস্থা

* মা-মনি, সিমান্তীক, ;

জনমিতি (জুলাই/২০১৮)

* মোট তালিকাভূক্ত সক্ষম দম্পতি = ৬০,৯৩২
* মোট পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহনকারী = ৪৫৮১২
* জন্মনিরোধ সামগ্রী গ্রহনকারীর হার = ৭৫.১৯%
* ০-১১ মাসের শিশু – ৭৩১
* অনুর্ধ ৫ বছরের শিশু – ৩৬৭৩
* বয়:সন্ধি কিশোর কিশোরী – ১২৩৭

পদ্ধতি মিশ্রনদ্ধ(জুলাই/২০১৮)

| পদ্ধতি | সংখ্যা | হার |
|---|---|---|
| * খাবার বড়ি গ্রহীতা | ২৮৩৪৭ | ৪৬% |
| * কনডম গ্রহীতা | ৩৬৫১ | ৬% |
| * ইনজেকশান গ্রহীতা | ৪৬৫১ | ৭% |
| * আই ইউ ডি গ্রহীতা | ১৮৫১ | ৩% |
| * ইমপান্ট গ্রহীতা | ৮৬৯ | ১% |
| * স্থায়ী পদ্ধতি পুরুষ | ২৫১০ | ৪% |
| * স্থায়ী পদ্ধতি মহিলা | ৩৯৩৩ | ৬% |
| মোট | ৪৫৮১২ | ৭৫% |

সেবার বিবরণ

- **পরিবার পরিকল্পনা**
  সক্ষম দম্পতি চিহ্নিত করে রেজিষ্টারে তালিকা ভুক্তি বাড়ী পরিদর্শনের মাধ্যমে ও সেবা কেন্দ্রে --
- **অস্থায়ী জন্ম নিরোধ পদ্ধতি প্রদান ;**
  - খাবার বড়ি
  - কনডম
- **দীর্ঘ মেয়াদি পদ্ধতি ;**
  - ইনজেকশান
  - আই ইউ ডি
  - ইমপান্ট
- **স্থায়ী পদ্ধতি ;**
  - ভ্যাসেকটমি (পুরুষ)/ এন এস ভি
  - টিউবেকটমি (মহিলা)
- জরুরী জন্ম নিয়ন্ত্রন বড়ি (ইসিপি)
- এম আর সেবা

মা এর সেবা

- গর্ভবতী মা কে তালিকাভূক্তি ;
- জটিল / ঝুকিপূর্ন মাকে চিহ্নিত করা ;
- বন্ধ্যা দম্পতি চিহ্নিত করা ;
- গর্ভবতী মাকে কমপক্ষে চার বার প্রসব পূর্ব সেবা প্রদান ;
- প্রসব সেবা (স্বাভাবিক ও সিজারিয়ান ) ;
- জরুরী প্রসূতি সেবা (EOC) ;
- জীবিত জন্ম, মৃত জন্ম ও গর্ভজনিত কারনে মৃত মায়ের তথ্য সংগ্রহ ;
- সাধারণ রোগের চিকিৎসা।

**কিশোরী সেবা**

- রক্ত স্বল্পতার সেবা ;
- আয়োডিন ঘাটতির চিকিৎসা ;
- কৃমি প্রতিরোধ কার্যক্রম ;
- বাল্যবিবাহ প্রতিরোধ/উদ্বুদ্ধকরণ ;
- শিক্ষা সচেতনতা বৃদ্ধি।

প্রজনন স্বাস্থ্য সেবা

- প্রজনন তন্ত্রের সংক্রমন RTI /STI চিকিৎসা ;
- HIV / AIDS বিষয়ক সচেতনতা বৃদ্ধি ;
- ধনুষ্টংকার টিকা (মহিলা ও শিশু)।

শিশু পরিচর্য্যা

১. বি সি জি / ডি পি টি, পোলিও , হাম ও হেপাটাইটিস বি প্রতিরোধ ;
২. ভিটামিন এ, শ্বাসতন্ত্রের সংক্রমন, রাতকানা, ডায়রিয়া ও অপুষ্টিতে আক্রান্ত শিশুর সেবা;
৩. জন্ম নিবন্ধন কর্মসূচী বাস্তবায়ন ;
৪. অবিভাবকদের শিশুর প্রারম্ভিক বিকাশ সম্পর্কিত ধারনা প্রদান (ECD)।

আর্সেনিক কার্যক্রম

- রোগী সনাক্ত ;
- বিষযুক্ত টিউবওয়েল চিহ্নিত করা ;
- সচেতনতা সৃষ্টি।

বর্জ্য ব্যবস্থাপনা

- হাসপাতাল বর্জ্য ;
- ধারালো বর্জ্য নিরাপদ ধ্বংসকরণ।

**অগ্রগতি ;** পরিবার পরিকল্পনা ২০১৮-২৩

| পদ্ধতি | লক্ষ্য | অর্জন | হার |
|---|---|---|---|
| স্থায়ী পদ্ধতি | ১০৬৮ | ৪৮৯ | ৪৫% |
| ইমপ্লান্ট | ৯০০ | ৪১৮ | ৪৬% |
| আই,ইউ,ডি | ৫৭৬ | ২৫৯ | ৪৫% |
| ইনজেকশন | ১০৫৯২ | ৪৬৫১ | ৪৪% |
| খাবার বড়ি | ২৬১৬৭ | ২৮৩৪৭ | ১০৮% |
| কনডম | ৩৭৩৮ | ৩৬৫১ | ৯৭% |

**অগ্রগতি** ; মা ও শিশু স্বাস্থ্য কার্যক্রম ২০১৮-২৩

| সেবা | লক্ষ্য | অর্জন | হার |
|---|---|---|---|
| • প্রসব পূর্ব সেবা | ৫১৫৪০ | ১৫৯৩৬ | ৩০% |
| • প্রসূতী সেবা | ১৬৯৩২ | ৫২০৮ | ৩০% |
| • প্রসবোত্তর সেবা | ১৬৯৩২ | ৫২০৮ | ৩০% |
| • শিশু সেবা | ৮৪৬৬ | ৫৩২০ | ৬২% |
| • সাধারণ রোগী | ৫০.০০০ | ৪৫৮২৪ | ৯১% |

প্রজেকশন/২০১৮-২৩

- স্থায়ী পদ্ধতি - পুরুষ = ৬১০, মহিলা = ৬০৬, মোট= ১২১৬
- আই,ইউ,ডি - ৮৮৩
- ইমপান্ট - ১৪০৪
- ইনজেকশান -১০৫৯২
- খাবার বড়ি - ২৬১৬৭
- কনডম - ৩৭৩৮
- ২০১৬ সালের মধ্যে যা অর্জন করতে চাই।
- জন্মনিয়ন্ত্রন পদ্ধতি ব্যবহারের হার শতকরা ৭২ এ উন্নীত করা।
- মোট প্রজনন হার ২.৫ থেকে ২.০০ হ্রাস করা ।

- মাতৃ মৃত্যুর হার প্রতি হাজার জীবিত জন্মে ৯৪ থেকে ৪৩ এ হ্রাস করা।
- শিশু মৃত্যুর হার প্রতি হাজার জীবিত জন্মে ২৮ থেকে ২০ এ হ্রাস করা।
- ৫ বছরের নীচে শিশু মৃত্যুর হার প্রতি হাজারে জীবিত জন্মে ৫৫ থেকে ৩৫ এ কমিয়ে আনা।
- নবজাতকের মৃত্যুর হার প্রতি হাজার জীবিত জন্মে ২৮ থেকে ২০ এ হ্রাস করা।
- দক্ষ প্রসবকারীর মাধ্যমে প্রসবের হার শতকরা ২৬ থেকে ৫০ এ উন্নীত করা।
- পরিবার পরিকল্পনার অপূর্ণ চাহিদার হার ১৭.৬০% থেকে কমিয়ে অর্ধেকে নামিয়ে আনা।
- পরিবার পরিকল্পনার বিভিন্ন পদ্ধতিতে ড্রপআউটের হার ৪২.২ থেকে অর্ধেকে কমিয়ে আনা।
- গর্ভকালীন ও প্রসবোত্তর পরিচর্যা ১০০ ভাগ নিশ্চিত করা।

দৃশ্যমান সমস্যা:

- কর্মী প্রতি সক্ষম দম্পতির সংখ্যা বৃদ্ধি ;
- শিক্ষা ও সচেতনতার অভাব;
- সামাজিক কুসংস্কার ও ধর্মীয় গোরামী;
- প্রবাসী / বিচ্ছিন্ন দম্পতিদের সংখ্যাধিক্য;
- গ্রামাঞ্চলের অসচেতন জনগোষ্ঠীর দ্রুত সংখ্যা বৃদ্ধি।
- অসরকারী সংস্থার বাড়ী পরিদর্শনের মাধ্যমে সেবা প্রদানে অনিহা।
- পদোন্নতির সুযোগ না থাকায় সৃষ্ঠ হতাশা।

আশু করনীয়:

- সক্ষম দম্পতির সংখ্যা বৃদ্ধির ফলে ইউনিট পূর্নবিণ্যাস ;
- ইউনিয়নে ওয়ার্ড ভিত্তিক একজন পরিবার কল্যাণ সহকারী নিয়োগ;
- বাড়ী পরিদর্শনের মাধ্যমে সেবাদানে অসরকারী সংস্থার দ্রত কার্যক্রম গ্রহন;
- প্যারামেডিকদের ইমপান্ট প্রয়োগের প্রশিক্ষন প্রদান ;
- সকল ইউনিয়ন ও ওয়ার্ডে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র ও কমিউনিটি ক্লিনিক স্থাপন;
- সকল শূন্যপদ পূরণ;
- স্থায়ী পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহীতাদের রেশন / ভিজিএফ কার্ড সহ সরকারী সুবিধাদি প্রদান নিশ্চিত করা;
- সকল স্থরে পদোন্নতির ব্যবস্থা নিশ্চিত করে কার্যক্রমে গতিশীলতা আনয়ন।

উপজেলা স্বাস্থ্য বিষয়ক তথ্য ঃ

| | | |
|---|---|---|
| ১। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স | ঃ | ০১ টি |
| ২। ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র | ঃ | ০৭ টি ও ০৩ টি RD (৭টি পরিকল্পনা বিভাগ ও ০৩ টি স্বাস্থ্য বিভাগ) |
| ৩। কমিউনিটি ক্লিনিক | ঃ | ৩৪টি |
| ৪। স্যাঠেলাইট ক্লিনিক | ঃ | ৭৬টি |
| ৫। জন্মের হার FFR | ঃ | ৩.১ সিলেট বিভাগ B.D.H.S -২০১৪ |
| ৬। মৃত্যুর হার | ঃ | ৪৫/১০০ জাতি জন্মে সিলেট বিভাগ |
| ৭। জনসংক্যা বৃদ্ধির হার | ঃ | |
| ৮। পানিবদ্ধ পায়খানা | ঃ | |

**নোট ঃ-** ১। পরিবার পরিকল্পনা বিভাগের আওতাধীন ৭টি FWE, ৩টি স্বাস্থ্য বিভাগের অধীনে FWE, তাছাড়া বহরা ইউনিয়নে স্বাস্থ্য বিভাগের অধীনে ১টি উপ স্বাস্থ্য কেন্দ্র আছে।

২। আন্দিউড়া ইউনিয়নে কোন FWE, নাই ইউনিয়ন পরিষদে ১টি অস্থায়ী ক্লিনিক আছে।

২.২.১.৫ উপজেলা শিক্ষা অধিদপ্তর ;

**এক নজরে মাধবপুর উপজেলার প্রাথমিক শিক্ষা চিত্র**

**উপজেলা শিক্ষা অফিসের জনবল সংক্রান্ত তথ্য ঃ**

| ক্রমিক | পদের নাম | অনুমোদিত | কর্মরত | শূন্যপদ |
|---|---|---|---|---|
| ১ | উপজেলা শিক্ষা অফিসার | ১ | ১ | - |
| ২ | সহকারী উপজেলা শিক্ষা অফিসার | ৬ | ৪ | ২ |
| ৩ | উচ্চমান সহকারী কাম হিসাব রক্ষক | ১ | ১ | - |
| ৪ | অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর | ২ | ১ | ১ |
| ৫ | হিসাব সহকারী | ১ | ১ | - |
| ৬ | এম এল এস এস | ১ | - | ১ |

**প্রাথমিক বিদ্যালয়ের জনবল সংক্রান্ত তথ্যঃ**

| বিদ্যালয়ের ধরণ | সংখ্যা | প্রধান শিক্ষক | | | সহকারী শিক্ষক | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | অনুমোদিত | কর্মরত | শূন্য | অনুমোদিত | কর্মরত | শূন্য |
| সরকারী প্রাথমিক | ৯৭ | ৯৭ | ৮২ | ১৫ | ৫৬২ | ৫১৩ | ৪৯ |
| সম্প্রতি জাতীয়করণকৃত | ৪৯ | ৪৬ | ২১ | ২৫ | ১৯৬ | ১৬৯ | ২৭ |
| কমিউনিটি প্রাথঃ | - | - | - | - | - | - | - |
| সর্বমোটঃ | ১৪৬ | ১৪৩ | ১০৩ | ৪০ | ৭৫৮ | ৬৮২ | ৭৬ |

**ছাত্র ছাত্রী সংক্রান্ত তথ্য ঃ**

| শিক্ষা বছর | প্রথম শ্রেণী | দ্বিতীয় শ্রেণী | তৃতীয় শ্রেণী | চতুর্থ শ্রেণী | পঞ্চম শ্রেণী | সর্বমোট | ভর্তির হার |
|---|---|---|---|---|---|---|---|
| ২০১৮- ২০২৩ | ১৪২৯৯ | ১৩৯১২ | ১২৮২১ | ১১৭৮৬ | ৯৯৮৭ | ৬২৮১৬ | ১০০% |

**প্রাথমিক শিক্ষার জন্য উপবৃত্তি সংক্রান্ত তথ্যঃ**

| অর্থ বছর | প্রকল্পভূক্ত ছাত্রছাত্রী | নির্বাচিত সুবিধাভোগী | প্রাপ্ত বরাদ্দ | বিতরণকৃত অর্থ |
|---|---|---|---|---|
| ২০১৮- ২০২৩ | ৪০.০০৩ | ১৮.৯৮২ | ২.২০.১২৫/- | ২.১০.৬৮.৯০০/- |
| ২০১৮- ২০২৩ | ৩৫.২১৫ | ১৮.৫৫০ | ১.৯৮.৪৩১০০/- | ১.৯৫.৩৭.১১৫/- |

## অনুমোদিত শিক্ষক পদ বিশিষ্ট বিদ্যালয় এর তথ্যঃ

| ক্রমিক নং | অনুমোদিত পদসংখ্যা | বিদ্যালয় সংখ্যা | ক্রমিক নং | অনুমোদিত পদসংখ্যা | বিদ্যালয় সংখ্যা |
|---|---|---|---|---|---|
| ১ | ৩ পদ বিশিষ্ট | - | ৭ | ৯ পদ বিশিষ্ট | ৮ |
| ২ | ৪ পদ বিশিষ্ট | ৪ | ৮ | ১০ পদ বিশিষ্ট | ৪ |
| ৩ | ৫ পদ বিশিষ্ট | ১৬ | ৯ | ১১ পদ বিশিষ্ট | ১ |
| ৪ | ৬ পদ বিশিষ্ট | ৩৬ | ০ | ১২ পদ বিশিষ্ট | ২ |
| ৫ | ৭ পদ বিশিষ্ট | ১৩ | ১১ | ১৩ পদ বিশিষ্ট | ১ |
| ৬ | ৮ পদ বিশিষ্ট | ১২ | ১২ | ১৪ পদ বিশিষ্ট | - |
| | | | ১৩ | ১৫ পদ বিশিষ্ট | - |

সদ্য জাতীয় করণহতে বিদ্যালয় ৫ পদ বিশিষ্ট বিদ্যালয় = ৪৬
৪ পদ বিশিষ্ট বিদ্যালয় = ০৩
৪৯

## উপজেলা শিক্ষা অফিস মাধবপুর এর আওতাধীন প্রাথমিক স্তরের শিক্ষা প্রতিষ্ঠানের তথ্যঃ

| ক্রমিক নং | বিদ্যালয় ক্যাটাগরী | বিদ্যালয় সংখ্যা | ভর্তিকৃত ছাত্র-ছাত্রীর সংখ্যা | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | | ছাত্র | ছাত্রী | মোট | |
| ১ | সরকারি প্রাথমিক বিদ্যালয় | ৯৭ | ১৫৫০৮ | ১৫৭১৬ | ৩১২২৪ | |
| ২ | জাতীয়করনকৃত প্রাথমিক বিদ্যালয় | ৪৯ | ৭৮৮৮ | ২৪১৮ | ১৩৩০৬ | |
| ৩ | ১৫০০ প্রাথমিক বিদ্যালয় স্থাপন প্রকল্পের আওতায় চালুকৃত প্রাথমিক বিদ্যালয় | ০২ | | | | চলমানু |
| ৪ | পিটিআই সংলগ্ন পরীক্ষণ বিদ্যালয | | | | | |
| ৫ | রেজিস্টার্ড বেসরকারী প্রাথমিক বিদ্যালয় | | | | | |
| ৬ | উচ্চ বিদ্যালয় সংলগ্ন প্রাথমিক বিদ্যালয় | ০১ | ১৮৬ | ১৬০ | ৩৪৬ | |
| ৭ | অস্থায়ী রেজিঃ বেসরকারী প্রাথমিক বিদ্যালয (আনরেজিঃ) | | | | | |
| ৮ | অনুমতিপ্রাপ্ত বেসরকারী প্রাথমিক বিদ্যালয় | | | | | |
| ৯ | কমিউনিটি প্রাথমিক বিদ্যালয় | | | | | |
| ১০ | শিশুকল্যান প্রাথমিক বিদ্যালয | | | | | |
| ১১ | কিন্ডাগার্টেন প্রাথমিক বিদ্যালয় | ৪২ | ৩১৭৭ | ৫২৭৩ | ৮৪৫০ | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১২ | ইবতেদায়ী | | | | | |
| ১৩ | উচ্চ মাদ্রাসা সংলগ্ন | | | | | |
| ১৪ | অন্যান্য | ০৫ | ৩১২ | ১৬৮ | ৪৮০ | |
| | মোটঃ | ১৯৬ | ২৭০৭১ | ২৬৭৩৬ | ৫৩৮০৬ | |

ঝরেপড়া সংক্রান্ত তথ্যঃ

| ক্রমিক | উপজেলার নাম | ২০১৮ সনে ১ম শ্রেণীতে ভর্তিকৃত ছাত্র সংখ্যা | ২০১৮ সনে ১ম শ্রেণীতে ভর্তিকৃত ছাত্রছাত্রীদের মধ্যহতে ২০১৮ সনে সমাপনী পরীক্ষায় অবতীর্ণ | বিভিন্ন শ্রেণীতে পুনরাবৃত্তি | ঝরেপড়ার সংখ্যা | ঝরেপড়ার হার | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | মাধবপুর, হবিগঞ্জ | ৯৮০৭ | ৭১১৭ | ১৬৯২ | ৪৯১ | ৫.০১% | |

প্রাথমিক শিক্ষার জন্য উপবৃত্তি বিতরণ সংক্রান্ত তথ্যঃ

প্রাথমিক শিক্ষার জন্য উপবৃত্তি প্রকল্প (২য় পর্যায়)(পৌরসভা ব্যতীত)

বিতরণ কারী ব্যাংক এর নাম ঃ ১। সোনালী ব্যাংক লিঃ মাধবপুর শাখা, হবিগঞ্জ।

| শিক্ষা প্রতিষ্ঠান | প্রতিষ্ঠানের সংখ্যা | ভর্তিকৃত ছাত্র-ছাত্রী | সুবিধাভোগী ছাত্র-ছাত্রী | নির্বাচিত সুবিধাভোগী পরিবার | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | একক পরিবার | একাধিক পরিবার | মোট পরিবার |
| ১। সরকারী প্রাথমিক বিদ্যালয় | ৯৩ | ২৬৫০৯ | ১৩.২২৩ | ১২৫৪০ | ৩৪১ | ১২৮৮২ |
| ২। রেজিষ্টার্ড বেসরকারী প্রাথমিক বিদ্যালয় | ৪৫ | ৮৭০৬ | ৪৩২৭ | ৪১৬৭ | ৮০ | ৪২৪৭ |
| ৩। কমিউনিটি প্রাথমিক বিদ্যালয় | -- | -- | -- | -- | -- | -- |
| ৪। অস্থায়ী রেজিষ্টার্ড বেসরকারী প্রাথমিক বিদ্যালয় | -- | -- | -- | -- | -- | -- |
| ৫। সরকারী অনুদানে এন, জি, ও কর্তৃক প্রতিষ্ঠিত প্রাথমিক বিদ্যালয় | -- | -- | -- | -- | -- | -- |
| ৬। সরকার কর্তৃক স্বীকৃতিপ্রাপ্ত স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসা । | -- | -- | -- | -- | -- | -- |
| ৭।মাধ্যমিক বিদ্যালয় সংলগ্ন প্রাঃ বিঃ | -- | -- | -- | -- | -- | -- |
| ৮। শিশু কল্যান প্রাথমিক বিদ্যালয় | -- | -- | -- | -- | -- | -- |
| সর্বমোট | ১৩৮ | ৩৫.২১৫ | ১৭৫৫০ | ১৬৭০৮ | ৪২১ | ১৭১২৯ |

## ২০১৮-২৩ সনে বিতরণকৃত অর্থের তথ্যঃ

| কিস্তি সংখ্যা | প্রাপ্ত বরাদ্দ | বিতরণকৃত অর্থ | উদ্বৃত্ত অর্থ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ম কিস্তি | ৫২.৬৩.৭২৫ | ৫১.৯৭.৯৫০০/- | ৬৫.৯৭৫/- | |
| ২য় কিস্তি | ৫০.০৪.১৫০ | ৪৭.৭১.৭৭৫/- | ২.৩২.৩৭৫ | |
| ৩য় কিস্তি | ৪৮.৭৫.২২৫ | ৪৮.৭৫.২২৫/- | - | |
| ৪র্থ কিস্তি | ৪৭.০০.০০০ | ৪৬.৯২.৩৬৫/- | ৭৫৩৫ | |

## প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা সংক্রান্ত তথ্যঃ

| শিক্ষা বছর | ডি আর ভুক্ত ছাত্র সংখ্যা | পরীক্ষায় অংশগ্রহন | পাশের সংখ্যা | পাশের হার |
|---|---|---|---|---|
| ২০১০ | ৪৬৬০ | ৪০৬৩ | ৩৭৪৩ | ৯২.১২% |
| ২০১১ | ৫৫৪৯ | ৫১১৯ | ৪২০৭ | ৮৩.১৮% |
| ২০১২ | ৬৬৪৭ | ৫৯৯৭ | ৫৯৮৪ | ৯৮.৯০% |
| ২০১৩ | ৬৪২৫ | ৬০২১ | ৫৯২৩ | ৯৮.৩৭% |
| ২০১৪ | ৭৫৩২ | ৭১১৭ | ৭০২৫ | ৯৮.৭১% |

## সম্ভাবনা সমূহঃ

১. ছাত্র/ছাত্রীর ভর্তির হার বৃদ্ধি ।

২. প্রাথমিক বৃত্তি পরীক্ষায় পাশের হার ক্রমান্বয়ে বৃদ্ধি ।

৩. সমাপনী পরীক্ষায় পাশের হার ক্রমান্বয়ে বৃদ্ধি।

৪. উপজেলা শিক্ষা অফিসার ও সহকারী উপজেলা শিক্ষা অফিসারদের পদ গুলো শূন্য না থাকা।

৫. শিক্ষকদের পেশাগত উন্নয়ন ও বিষয় ভিত্তিক প্রশিক্ষনের ব্যবস্থা ।

৬. বিদ্যালয় পর্যায়ে উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের জন্য ৩০,০০০.০০/- করে বরাদ্দ প্রদান করা ।

৭.বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ে স্থানীয় জন সমাজ কর্তৃক বিভিন্ন প্রকার অনুদান প্রদান ।

## সমস্যা সমূহ ঃ

১. শিক্ষক নিয়োগের জন্য যোগ্য প্রার্থীর অভাব ও শিক্ষকের পদ শূন্য থাকা ।

২. উপজেলা সদরের বাহিরে বিদ্যালয় গুলোতে ছাত্র অনুসারে শিক্ষক পদ কম থাকা।

৩. বিদ্যালয় এলাকার স্থানীয় শিক্ষক না থাকা ।

৪. অধিকাংশ সরকারী প্রাথমিক বিদ্যালয়ে ৩ শিক্ষক এবং ৪ শিক্ষক বিশিষ্ট থাকা।

৫. অধিকাংশ শিক্ষকের হবিগঞ্জ শহর থেকে বিদ্যালয়ে যাতায়াত করা ।

৬. কিছু কিছু এলাকার স্থানীয় জনগন কর্তৃক প্রাথমিক শিক্ষার চাইতে মাদ্রাসা শিক্ষাকে গুরুত্ব দেওয়া ।

৭. কিছু সংখ্যক বিদ্যালয়ের ভৌত অবকাঠামো খুবই খারাপ ।

৮. ছাত্র - শিক্ষক অনুপাত পরিমাণের চাইতে বেশী হওয়া ।

৯. গ্রাম এলাকার বিদ্যালয়গুলোতে আসবার পত্র ও শ্রেনী কক্ষের স্বল্পতা ।

১০. ছাত্র/ছাত্রীদের জন্য পৃথক শৌচাগারের ব্যবস্থা না থাকা ।

১১. দারিদ্রতার কারনে শিশু শ্রম দৃদ্ধি পাওয়া ।

১২. ছাত্র/ ছাত্রীর অভিভাবকদের সচেতনতার অভাব।

১৩. উপজেলা শিক্ষা অফিসের প্রয়োজন অনুসারে জনবলের অভাব।

**সুপারিশ ঃ**

১.মাধবপুর উপজেলা মত ভাটি এলাকায় শিক্ষক নিয়োগের জন্য নীতিমালা শিথিলপূর্বক শিক্ষকতা পেশাকে উৎসাহিত করা।

২. উপজেলা সদর এলাকার বাইরের বিদ্যালয়গুলোতে ছাত্র সংখ্যা অনুসারে শিক্ষকপদ সৃষ্টি করা।

৩. বিদ্যালয় এলাকার শিক্ষিত বেকার যুবকদের শিক্ষক নিয়োগ পরীক্ষায় অংশগ্রহনের জন্য স্থানীয় জনপ্রতিনিধি/বিদ্যোৎসাহী ব্যাক্তি/সুশীল সমাজ কর্তৃক উৎসাহ প্রদান এবং নিয়োগ পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার জন্য বিশেষ কোচিং এর ব্যবস্থা করা।

৪. বিদ্যালয়গুলোকে সামাজিক সম্পদ হিসাবে চিহ্নিত করে জনগণের মধ্যে সামাজিক মালিকানা বোধের ধারনা সৃষ্টি করা।

৫. কিছু কিছু বিদ্যালয়ের ভৌত অবকাঠামো দ্রুত উন্নয়নের জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করা।

৬. স্থানীয় প্রতিষ্ঠান তথা জেলা পরিষদ, উপজেলা পরিষদ ও ইউনিয়ন পরিষদের বার্ষিক উন্নয়ন কর্মসূচীর শিক্ষা খাতের বাজেট থেকে প্রাথমিক বিদ্যালয়গুলোর জন্য আসবাবপত্র সরবরাহ করা।

৭. স্থানীয় জনপ্রতিনিধি/সুশীল সমাজ/মসজিদের ইমাম কর্তৃক বিদ্যালয় এলাকার শিশুদের বিদ্যালয়ে প্রেরণ করার জন্য অভিভাবকদের উৎসাহ প্রদান।

৮. অতিদরিদ্র এলাকার বিদ্যালয়ের ছাত্র ছাত্রীদের জন্য টিফিনের ব্যবস্থা করা।

শিক্ষাই জাতির মেরুদন্ড এবং শিক্ষা অর্জন করা মানুষের একটি মৌলিক অধিকার। জাতিসংঘ ১৯৪৮ সালে সর্বপ্রথম মানবাধিকার সনদে এ কথা ঘোষণা করে। বাংলাদেশের সংবিধানে ১৭ (ক) নং অনুচ্ছেদে প্রাথমিক শিক্ষাকে অবৈতনিক ও বাধ্যতামূলক করা হয়েছে (বাংলাদেশ জাতীয় সংসদে ১৯৯০ সালে ২৭ নং আইনের মাধ্যমে বাংলাদেশের সর্বপ্রথম বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা আইন পাশ করা হয়)। প্রাথমিক শিক্ষা উন্নয়নে তিনটি বিষয়ে গুরত্ব দেয়া হয়েছে, যেমনঃ (১) ০৫ + --- ১০+ বছর বয়সের সকল শিশুকে বিদ্যালয়ে ভর্তি করা এবং প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা উত্তীর্ন হওয়া পর্যন্ত তারা যেন ঝরে না পড়ে সেদিকে দৃষ্টি দেয়া। (২) বিদ্যালয়ের শিক্ষা ও বিদ্যালয় ব্যবস্থানা কমিটির সদস্যদের সমর্থ বৃদ্ধির মাধ্যমে শিক্ষার গুণগত মান বৃদ্ধি করা এবং (৩) শিক্ষার্থীদের বিদ্যালয়ে গমনে আকৃষ্ট করার লক্ষ্যে বিদ্যালয়ের ভৌত পরিবেশ উন্নয়ন করা।

মাধবপুর উপজেলায় বর্তমানে ৭০ টি প্রাথমিক স্কুল। স্কুলে ভর্তির হার ১০০%, তবে ১ম শ্রেণি থেকে ৫ম শ্রেণি পর্যন্ত ঝরে পড়ার শিক্ষার্থীর হার অনেক বেশি যেটি অনাকাঙ্খিত। এর অন্যতম কারণ হলো এলাকার মানুষের সচেতনতার অভাব ও দারিদ্র। এখনো অনেক বিদ্যালয়ে প্রয়োজনীয় আসবাবপত্র, পর্যাপ্ত শিক্ষা উপকরণ নেই। উপজেলা পরিষদ উপরোক্ত বিষয় বিবেচনা করে শিক্ষা বিভাগকে গুরুত্বপূর্ণ উন্নয়ন ইস্যু হিসাবে চিহ্নিত করেছে এবং পাঁচ বছরের উন্নয়ন পরিকল্পনা গ্রহন করেছে। শিক্ষার মান উন্নয়নের জন্য প্রথম পর্যায়ে প্রতিটি ইউনিয়নে ১টি করে স্কুলকে মডেল করার উদ্যোগ গ্রহন করা হয়েছে, পাশাপাশি ঝরে পড়া শিশুর হার কমিয়ে আনার লক্ষ্যে স্কুল ম্যানেজমেন্ট কমিটি ও শিক্ষকদের বিভিন্ন প্রশিক্ষনের ব্যবস্থা করা হবে। বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের চিহ্নিত করে শিক্ষা ভাতা প্রদানের জন্য সমাজ সেবা কার্যালয়ের সহযোগীতা নেয়া হবে এবং উক্ত শিশুদের শিক্ষা বৃত্তি প্রদানের জন্য উপজেলা পরিষদের নিজস্ব তহবিল থেকে বিশেষ ব্যবস্থা করা হবে। সকল বিদ্যালয়ের

আসবাবপত্রের চাহিদা নির্ণয় পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হবে। উল্লেখ্য সহস্রাব্দ উন্নয়ন লক্ষমাত্রা (২০১৮) অর্জনের জন্য শিক্ষা বিভাগ অগ্রাধিকার ভিত্তিতে ব্যবস্থা গ্রহন করেছে।

| ক্রমিক. নং | কাজের বিবরণ | সুফলভোগী সংখ্যা | লক্ষ্যমাত্রা সংখ্যা | অর্থ বা সম্পদের সম্ভাব্য উৎস |
|---|---|---|---|---|
| ১ | আন্ত: প্রাথমিক বিদ্যালয় ক্রিড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা (বিদ্যালয়, ইউনিয়ন ও উপজেলা পর্যায়) | ১৪৪ টি বিদ্যালয় | ১৪৪ | এডিপি-৩ |
| ২ | উপজেলা পর্যায়ে কাব ক্যাম্প ও কাব লিডার প্রশিক্ষণ কোর্স | - | - | - |
| ৩ | সমাপনী  মডেল টেস্ট | ৩ | ৩ | ছাত্র ছাত্রীদের ফি বাবদ |
| ৪ | ক্রিমিনাশক ট্যাবলেট সরবরাহ | - | - | - |
| ৫ | খেলাধুলার সামগ্রী সরবরাহ | - | - | - |
| ৬ | উপকরণ মেলার আয়োজন (ক্লাস্টার ও উপজেলা পর্যায়) | ১ | ১ | উপজেলা পরিষদ |
| ৭ | মেধাবী সম্মাননা প্রদান | - | - | - |
| ৮ | আসবাব পত্র মেরামত | - | - | - |
| ৯ | স্কুলের সীমানায় বৃক্ষ রোপন | ১৪৪ | ১৪৪ | - |
| ১০ | ক্ষুদ্র মেরামত | ১৩ | ১৩ | রাজস্ব খাত |
| ১১ | বিদ্যালয় ভবণ পুন: নির্মান | ৪৯ | ৫৯ | পিডিপি-৩ |
| ১২ | অতিরীক্ত শ্রেণিকক্ষ নির্মাণ | - | - | |
| ১৩ | গভীর নলকুপ স্থাপন | ২০ | ২০ | জনস্বাস্থ্য প্রকৌশলী |
| ১৪ | ওয়াস ব্লক নির্মান | ৭১ | ১৪ | জনস্বাস্থ্য প্রকৌশলী |
| ১৫ | বিদ্যালয়ের সীমানা প্রাচীর নির্মান | ০১ | ১৪ | - |
| ১৬ | শিক্ষকদের প্রশিক্ষণ | - | - | - |
| ১৭ | আইসিটি সংক্রান্ত খরচ | - | - | - |
| ১৮ | প্রাক-প্রাথমিক শিক্ষা কেন্দ্র চালু | - | - | - |
| ১৯ | স্কুলে দপ্তরী কাম প্রহরী নিয়োগ | ৪৯ | ৯৭ | রাজস্ব খাত |
| ২০ | বড় ধরনের মেরামত | - | - | - |
| ২১ | Need based মেরামত | ২৭ | ২৭ | পিডিপি-৩ |
| ২২ | বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের এসিসটিভ ডিভাইস বিতরন | - | - | - |

## প্রাথমিক ও গণশিক্ষা স্থায়ী কমিটিঃ

| ক্রমিক নং | কাজের বিবরণ | সুফল ভোগী সংখ্যা | সর্বমোট লক্ষ্যমাত্রা/ সংখ্যা | বরাদ্দকৃত অর্থের উৎস | প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়) | ত্রৈমাসিক বরাদ্দ (লক্ষ টাকায়) ও লক্ষ্যমাত্র বিবরণী | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | বরাদ্দকৃত টাকা | লক্ষ্যমাত্রা /সংখ্যা | বরাদ্দকৃত টাকা | লক্ষ্যমাত্রা /সংখ্যা | বরাদ্দকৃত টাকা | লক্ষ্যমাত্র /সংখ্যা | বরাদ্দকৃত টাকা | লক্ষ্যমাত্র /সংখ্যা |
| | | | | | | জুলাই-সেপ্টেম্বর: ২০১৮ | | অক্টোবর-ডিসেম্বর: ২০১৮ | | জানুয়ারী-মার্চ: ২০১৯ | | এপ্রিল-জুন: ২০১৯ | |
| ১ | আন্ত: প্রাথমিক বিদ্যালয় ক্রিড়া ও সাংস্কৃতিক প্রতিযোগতা (বিদ্যালয়, ইউনিয়ন ও উপজেলা পর্যায়) | ১৪৪টি বিদ্যালয় | ১৪৪ | পিইডিপি-৩ | ২.১০.৮০০/- | - | - | - | - | - | - | - | - |
| ২ | বঙ্গবন্ধু ও বঙ্গমাতা বেগম | ১৪৪ | ১৪৪ | পিইডিপি-৩ | ৬৪.০০০/- | ৬৪.০০০/- | - | - | - | - | - | - | ৬৪.০০০/- |

| | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ফজিলাতুননেসা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট | | | | | | | | | | | | |
| ৩ | ছোট/ক্ষুদ্র মেরামত এসএমসি ট্রেনিং একদিনের | ১৩ | ১৩ | ১৩.০০.০০০/- | ১৩.০০.০০০/- | | | | | | | | |
| ৪ | ক্রিমিনাশক ট্যাবলেট সরবরাহ | - | - | - | - | | | | | | | | |
| ৪ | টিউবওয়েল রক্ষনাবেক্ষন | - | - | - | - | - | - | - | - | - | - | - | - |
| ৪ | খেলাধূলা বিনোদন সামগ্রী | - | - | - | - | - | - | - | - | - | - | - | - |
| ৫ | টিউবওয়েল রক্ষনাবেক্ষন | - | - | - | - | - | - | - | - | - | - | - | - |
| ৬ | খেলাধূলা বিনোদন সামগ্রী | - | - | - | - | - | - | - | - | - | - | - | - |
| ৭ | সাব-ক্লাস্টার প্রশিক্ষন | ৬৮২ | ৭৫৮ | পিইডিপি-৩ | | ২.৫৫.৩২০/- | - | ২.৫৫.৩২০/- | - | ২.৫৫.৩২০/- | | ২.৫৫.৩২০/ | |
| মোট ব্যয় | | | | | | | | | | | | | |

## ২.২.১.৬ উপজেলা সমাজ সেবা বিভাগ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের স্বাধীনতা লাভের পর জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বাংলাদেশের জণগনের অর্থনেতিক মুক্তির যে দৃপ্ত অঙ্গীকার ব্যক্ত করেন তারই ধারাবাহিকতায় সমাজসেবা অধিদপ্তরের শহর কেন্দ্রিক কর্মকান্ডকে গ্রামীণ এলাকায় সম্প্রসারণ করার মর্মে প্রবর্তন করেন গ্রামীন সমাজসেবা (RSS) কার্যক্রম, জাতীয় জনসংখ্যা কার্যক্রমে পল্লী মাতৃকেন্দ্র (RMC) এর ব্যবহার প্রকল্প এবং শহর সমাজসেবা কার্যক্রম জোরদার করা হয়। পরবর্তী কালে এই কার্যক্রমের সাথে যুক্ত হয় এসিড দগ্ধ, প্রতিবন্ধী ব্যক্তিদের স্বাবলম্বী করার জন্য বিশেষ ঋণ কর্মসূচী অর্থাৎ এসিড দগ্ধ ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনঃবাসন কার্যক্রম। তাছাড়া সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় সমাজসেবা বিভাগের মাধ্যমে বয়স্ক ভাতা, প্রতিবন্ধী ভাতা, বিধবা ভাতা ও মুক্তিযোদ্ধা সম্মানি ভাতা এবং প্রতিবন্ধী শিক্ষার্থীদেরকে উপবৃত্তি প্রদান কার্যক্রম বাস্তবায়ন করে।নিম্নে সমাজ কল্যাণ বিভাগের তথ্যাদি টেবিলের মাধ্যমে প্রদর্শিত করা হলোঃ-

টেবিল-০১ঃ সমাজ কল্যাণ বিভাগের তথ্যাদি

| তথ্যাদি | সংখ্যায় কতজন/কয়টি | টাকার পরিমান | মাসিক/বার্ষিক | মন্তব্য |
|---|---|---|---|---|
| বয়স্ক ভাতা | ৬৪৩৩ জন | ৩,০৮,৭৮,৪০০/= | ৪০০/= | জনপ্রতি |
| বিধাব ভাতা | ২১৫৩ জন | ১,০৩,৩৪,৪০০/= | ৪০০/= | জনপ্রতি |
| মুক্তিযোদ্ধা ভাতা | ৩৫৩ জন | ২,৩৫,৮০,০০০/= | ৫,০০০/= | জনপ্রতি |
| প্রতিনন্ধী ভাতা | ৮৮৩ জন | ৫২,৯৮,০০০/= | ৫০০/= | জনপ্রতি |
| শিক্ষা প্রতিবন্ধী ভাতা | ৯২ জন | ৩,৯০,৬০০/= | | |
| প্রাথমিক | ৬৫ জন | ২,৩৪,০০০/= | ৩০০/= | জনপ্রতি |

| | | | | |
|---|---|---|---|---|
| মাধ্যমিক | ২১ জন | ১,১৩,৪০০/= | ৪৫০/= | জনপ্রতি |
| উচচ মাধ্যমিক | ০৬ জন | ৪৩,২০০/= | ৬০০/= | জনপ্রতি |
| স্নাতক/স্নাতোকত্তর | -- | -- | -- | -- |
| মাতৃকেন্দ্র | ১৫ টি | | | |
| নিবন্ধনকৃত স্বেচাচাসেবী সংস্থা | ৪৯ টি | -- | -- | -- |
| সক্রিয় কয়টি | ২৮ টি | -- | -- | -- |
| নিষ্কিয় কয়টি | ২১ টি | -- | -- | -- |
| এতিমখানা | ০৩ টি | -- | -- | -- |
| আশ্রয়ন | - | -- | -- | -- |
| অন্যান্য | - | -- | -- | -- |

টেবিল-০২ঃ উপজেলার ২০১৮-২৩ সালের সমাজ কল্যাণ বিভাগের কর্মকান্ড

| কর্মকান্ড | লক্ষ্যমাত্রা | লক্ষ্যমাত্রা অর্জন | বাজেট (টাকা) | বাজেটের টাকার উৎস |
|---|---|---|---|---|
| সুদমুক্ত ক্ষুদ্র ঋন কার্যক্রম | -- | -- | -- | সরকারী বরাদ্দ |
| পল্লী সমাজ সেবা কার্যক্রম (আরএসএস) | ৩০০০ জন | ২৫৬০ জন | ৬৯,২৪,৩২০ /= | সরকারী বরাদ্দ |
| এসিডদগ্ধ ও শারীরিক প্রতিবন্ধী কার্যক্রম | ৪৫০ জন | ১৫৪ জন | ১৫,২৭,৮৩৭ | সরকারী বরাদ্দ |
| ভাতা কার্যক্রম | | | | |
| বয়স্ক ভাতা | ৫৮৪৮ জন | ৫৮৪৮ জন | ২,৩১,৫৮,৮০০ /= | সরকারী বরাদ্দ |
| বিধবা ভাতা | ২১৫৩ জন | ২১৫৩ জন | ৭৭,৫০,৮০০/= | সরকারী বরাদ্দ |
| প্রতিবন্ধী ভাতা | ৬৯৪ জন | ৬৯৪ জন | ২৯,১৪,৮০০/= | সরকারী বরাদ্দ |
| প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি ভাতা | ৪১ জন | ৪১ জন | ১,৫৬,৬০০/= | সরকারী বরাদ্দ |
| মুক্তিযোদ্ধা ভাতা | ৩৯৩ জন | ৩৯৩ জন | ১,৪১,৪৮,০০০/= | সরকারী বরাদ্দ |
| মোট | ১২৫৭৯ জন | ১১৮৪৩ জন | ৫,৬৫,৯১,১৫৭/= | |

তথ্য সূত্র: **উপজেলা সমাজ সেবা বিভাগ**, মাধবপুর, হবিগঞ্জ।

### ২.২.১.৭ উপজেলা যুব উন্নয়ন বিভাগ ঃ

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয় আত্মকর্মসংস্থানের লক্ষ্যে বেকার যুবদের গবাদি পশু হাঁস মুরগী পালন, মৎস্য চাষ, সেলাই, ব্লক ও বাটিক প্রিন্ট, কম্পিউটার প্রশিক্ষণ,সহ বিভিন্ন বিষয়ে দক্ষতা বৃদ্ধি মূলক প্রাতিষ্ঠানিক ও অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণের ব্যবস্থা করে থাকে। প্রশিক্ষণোত্তর প্রকল্প গ্রহনকারীদের সহজ শর্তে (১০%) ক্রমহ্রাসমান পদ্ধতিতে সার্ভিস চার্জ) ২০,০০০/-থেকে ৭৫,০০০/- টাকা ঋণ প্রদান করা হয়। যুব ক্লাবের মাধ্যমে জেন্ডার ইস্যু, প্রজনন স্বাস্থ্য, এইচ আই ভি এইডস, জীবন দক্ষতা, ও তথ্য প্রযুক্তি ব্যবহারের সুযোগ সৃষ্টি করা সহ বিভিন্ন সচেতনতা বৃদ্ধিমূলক কার্যক্রম বাস্তবায়ন করা হয়।

যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়ের পঞ্চবার্ষিকী পরিকল্পনার তথ্যাবলী ঃ (২০১৮-২০২৩)

| ক্রমিক নং | কার্যক্ররে বিবরণ | লক্ষ্যমাত্রা বার্ষিক | পাঁচ বছরের মোট লক্ষ্যমাত্রা | সম্ভাব্য ব্যয় বার্ষিক | অর্থের উৎস |
|---|---|---|---|---|---|
| ০১ | অপ্রাতিষ্টানিক প্রশিক্ষণ প্রদান (রাজস্ব খাত) | ৯০ জন | ৪৫০ জন | ৩০.০০০/- | প্রধান কার্যালয় |
| ০২ | অপ্রাতিষ্টানিক প্রশিক্ষণ প্রদান (উন্নয়ন খাত) | ৪৮০ জন | ২৪০০ জন | ২.৩৬.০০০/- | ঐ |
| ০৩ | যুব ঋণ বিতরণ | ১৯.২০০০০ /- | ৯৬০০০০০/- | - | ঘূর্ণায়মান তহবিল |
| ০৪ | যুব সংগঠন তালিকাভূক্তিকরণ | ০২ টি | ১০ টি | - | - |

খ. উন্নয়নমূলক কর্মকান্ড ঃ

১. যুব ঋণ সংক্রান্ত তথ্য ঃ জুন/২০১৮ খ্রি. পর্যন্ত

| প্রাপ্ত বরাদ্দ | ক্রমপুঞ্জি ঋণ বিতরণ | ক্রমপুঞ্জি আদায়যোগ্য টাকা | আদায়কৃত টাকা | আদায়ের হার | ঋণ গ্রহীতার সংখ্যা | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | পুরুষ | মহিলা | মোট |
| ২৫,৩৮,৮০০/- | ১,৩৫,০৬,৮০০/- | ১,১৬,৯৩০.২৮/- | ১০.১৫৭৬৮৭/- | ৮৬.৮৬% | ৫১৯ | ৩৫৮ | ৮৭৭ জন |

প্রশিক্ষণ ও আত্মকর্মী সংক্রান্ত তথ্য ঃ জুন ২০১৮ খ্রি. পর্যন্ত

| ক্রমিক নং | বিবরণ | প্রশিক্ষণ | | | আত্মকর্ম | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | পুরুষ | মহিলা | মোট | পুরুষ | মহিলা | মোট |
| ০১ | গবাদিপশু ও হাঁস মুরগী পালন | ২০২৪ | ১০৬১ | ৩০৮৫ | ১৫৫১ | ৯১৭ | ২৪৬৮ |
| ০২ | মৎস্য চাষ | ১২৪৯ | ৪৫৪ | ১৭০৩ | ৯৯৫ | ৪২৯ | ১৪২৪ |
| ০৩ | সেলাই/ পোশাক তৈরি | -- | ১৪৯ | ১৪৯ | -- | ১৪৯ | ১৪৯ |
| ০৪ | ছাগল পালন | ২৬ | - | ২৬ | ২৬ | -- | ২৬ |
| ০৫ | গরু মোটা তাজা করণ | ২০৭ | ৮২ | ৬৮৯ | ৪১৭ | ৩০ | ৪৪৭ |
| ০৬ | গাভী পালন | ২০ | ২০ | ৪০ | ০৩ | -- | ০৩ |
| | বাঁশ ও বেতের কাজ | ১৩ | ১৩ | ৪০ | ০২ | ০১ | ০৩ |
| | নার্সারী | ১২৮ | ১২৮ | ১৬০ | ২৮ | ০৮ | ৩৬ |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | ক্ষদ্র ব্যাবস্য | -- | -- | -- | -- | -- | -- |
| | শাক সবজি চাষ | ১৯ | ০৭ | ২৬ | ০২ | ০২ | ০৪ |
| | কোয়েল পালন চামড়ার কাজ | ১০ | -- | ১০ | ০১ | -- | ০১ |
| ০৭ | সেলুন | ১৯ | -- | ১৯ | ০২ | -- | ০২ |
| ০৮ | সর্বমোট | ৪১১৫ জন | ১৮৩২ | ৫৯৪৭ | ৩০২৭ | ১৫৩৬ | ৪৫৬৩ |

যুব সংগঠন সংক্রান্ত তথ্য ঃ জুন ২০১৮ খ্রি. পর্যন্ত

ক. তালিকাভূক্ত যুব সংগঠন সংখ্যা ঃ ০৪ টি

খ. অনুদানপ্রাপ্ত যুব সংগঠন সংখ্যা ঃ ০৪ টি

